

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

যে লোক নিজ প্রতিজ্ঞা পূর্ণ করবে এং পরহেজগার হবে, অবশ্যই আল্লাহ পরহেজগারদেরকে ভালবাসেন।

সূরা আল ইমরান ৭৬

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ৯ রবিবার ৯ ২০ সেপ্টেম্বর ২০২৬ ৯ ০৮ রবিঃ সানিঃ ১৪৪৮ ৯ ০৭ আশ্বিন ১৪৩৩ ৯ ৯ম বর্ষ ৯ ১০৬ সংখ্যা ৯ ৪ পৃষ্ঠা ৯ ৫ টাকা

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানবের সিমেন্ট

শ্রীমৎস্য সিমেন্ট

ইস্রাইলের মজবুত সিমেন্ট

শ্রীমৎস্য সিমেন্ট

ইস্রাইলের মজবুত সিমেন্ট

সেবা : ০২৯১০০৬৬৬৪৪, ০২৭১১০২৭১০৪

সব মন্ত্রণালয়ের প্রশিক্ষণে অভিনু সিলেবাসের নির্দেশ প্রধানমন্ত্রীর

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার ভিত্তিতে দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে দেশের বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ২ এর পাতায় দেখুন

সরকার ১৪শ মানুষের রক্তের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে: জামায়াত আমির

কীর্তনখোলা ডেস্ক

সরকার চৌদ্দশ মানুষের রক্তের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে বলে মন্তব্য করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ২ এর পাতায় দেখুন

হেলিকপ্টারে পালাবেন নাকি সম্মানের সঙ্গে পদত্যাগ করবেন: নাহিদ ইসলাম

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান হেলিকপ্টারে করে দেশ থেকে পালিয়ে যাবেন, নাকি সম্মানের সঙ্গে ২ এর পাতায় দেখুন

নতুন পে-স্কেলের প্রজ্ঞাপন জারি

কীর্তনখোলা ডেস্ক

দীর্ঘ প্রতীকার অবসান পর সরকারি কর্মচারীদের নতুন পে-স্কেলের প্রজ্ঞাপন জারি করেছে অর্থ মন্ত্রণালয়। জারি করা 'চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬' অনুযায়ী চলতি বছরের ২ এর পাতায় দেখুন

নগরীতে দাপিয়ে বেড়াচ্ছে

অবৈধ অটোরিকশা

কীর্তনখোলা রিপোর্ট

নগরবাসীর যাতায়াতের সুবিধার্থে বরিশাল নগরীতে চালু হয়েছিল ব্যাটারিচালিত অটোরিকশা। সেই অটোরিকশাই এখন নগরবাসীর গলার কাটা হয়ে দাঁড়িয়েছে নিয়ন্ত্রণহীন এসব অটোরিকশা যেমন বাড়াচ্ছে তীব্র যানজট, তেমনি আদায় হচ্ছে গলাকাটা ভাড়া। তার ওপর বছরের পর বছর ফাঁকি দিচ্ছে কোটি কোটি টাকা রাজস্ব। বরিশাল সিটি করপোরেশনের তথ্য বলছে, শুধু গুত অর্থবছরেই নবাবন বাবদ আড়াই কোটি টাকার ওপর রাজস্ব ফাঁকি দিয়েছেন অটোরিকশা মালিকরা। অন্যদিকে, বরিশালে লোডশেডিংয়ের অন্যতম প্রধান কারণও হয়ে দাঁড়িয়েছে বৈধ-অবৈধ প্রায় ১০ হাজার অটোরিকশা। বিন্দুবিভাগের তথ্য বলছে,

বর্তমানে ৭ হাজার ৬১০টি হলুদ অটোরিকশার টোকেন রয়েছে। এর বাইরে আরও হিজপের বেশি হলুদ অটোরিকশা মহানগরী দাপিয়ে বেড়াচ্ছে। এর সঙ্গে রয়েছে তিন চাকার ব্যাটারিচালিত রিকশা। বরিশাল সিটি করপোরেশনের লাইসেন্স শাখার দেওয়া তথ্য অনুযায়ী ২০১০-১১ অর্থবছরে সিটি এলাকায় এক হাজার ২৯০টি ব্যাটারিচালিত হলুদ অটোরিকশার লাইসেন্স দেয় সিটি করপোরেশন। এরপর ২০১৩-১৪ অর্থবছরে আরও ১৩২টি অটোরিকশার টোকেন দেওয়া হয়। পরে ২০১৯-২০ অর্থবছরে নবাবন কার্যক্রম বন্ধ করে দেয় সিটি করপোরেশন। এরপর তৎকালীন মেয়র সেরনিয়াবাত সাদিক আন্দুয়াহ নতুন-পুরানো মিলিয়ে মোট ৫ হাজার হলুদ অটোরিকশার লাইসেন্স দেন। ২০২৩-২৪ অর্থবছরে দেওয়া হয় আরও দুই হাজার ৬১০টি লাইসেন্স। আওয়ামী লীগ সরকার পতনের পর ২০২৪-২৫ অর্থবছরে বরিশাল সিটির সাবেক প্রশাসক রায়হান কাওসার সব মিলিয়ে মোট সাত হাজার ৬১০টি ব্যাটারিচালিত হলুদ অটোরিকশার ২ এর পাতায় দেখুন

ডেঙ্গু ও মশাবাহিত রোগ প্রতিরোধে বরিশাল সিটি কর্পোরেশনের উদ্যোগে বিশেষ জনসচেতনতামূলক পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করেন প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

অযোগ্য মন্ত্রীদের কারণেই জ্বালানি

ও বিদ্যুৎ সংকট: অ্যাড. হেলাল

কীর্তনখোলা রিপোর্ট

অযোগ্য মন্ত্রীদের কারণে দেশ আজ তেল, গ্যাস ও বিদ্যুৎ সংকটে পড়েছে এবং এমন ব্যর্থতা নিয়ে রাষ্ট্র পরিচালনা করা সম্ভব নয় বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতের ইসলামীর

কেন্দ্রীয় নির্বাহী পরিদপ সদস্য, সহকারী সেক্রেটারি জেনারেল ও বরিশাল অঞ্চল পরিচালক আব্দুল হেলাল। অবিলম্বে জ্বালিই সনদ বাস্তবায়নের দাবি জানিয়ে তিনি বলেন, তা না হলে এদেশের

আপামর জনসাধারণ জ্বালিই সনদ বাস্তবায়ন করতে সরকারকে বাধ্য করবে। শনিবার (১৯ সেপ্টেম্বর) দিনব্যাপী বালকাঠি শিল্পকলা একাডেমি হলরুমে এই সম্মেলন অনুষ্ঠানে বালকাঠি শিল্পকলা জামায়াতের ২ এর পাতায় দেখুন

বরিশালে নিয়ন্ত্রণ হারিয়ে

পুকুরে বাস, নিহত ১

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল-বানারীপাড়া সড়কের গড়িয়াপাড়া এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে মাত্রাবাহী একটি বাস রাস্তার পাশের পুকুরে পড়ে গেছে। এ ঘটনায় আব্দুল মালেক (৫৫) নামে এক যাত্রী নিহত হয়েছেন। দুর্ঘটনায় একাধিক ব্যক্তি আহত হয়েছেন বলে জানা গেছে। শনিবার (১৯ সেপ্টেম্বর) সকালে এ দুর্ঘটনা ঘটে। বিমানবন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম জানান, বাসটি যাত্রী নিয়ে গিরাজপুরের স্বরূপকাঠি থেকে বরিশাল কেন্দ্রীয় বাস টার্মিনাল নথুড়াবাবের উদ্দেশ্যে যাচ্ছিল। পথে গড়িয়াপাড়া এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশের একটি পুকুরে পড়ে যায়। স্থানীয়দের সহযোগিতায় বাসের অনেক যাত্রীকে উদ্ধার করা হয়েছে। এর মধ্যে আব্দুল মালেকের মরদেহ উদ্ধার করা হয়। তিনি বানারীপাড়া উপজেলার বাইশারী হাইস্কুল-সংলগ্ন এলাকার বাসিন্দা। আহতদের উদ্ধার করে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। ওসি আরও জানান, খবর পেয়ে পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে বাসটি উদ্ধারের কাজ শুরু করেছেন।

সাংবাদিক পুলক চ্যাটার্জী মৃত্যুর

শ্বেতপত্র চাই: সরোয়ার এমপি

কীর্তনখোলা রিপোর্ট

বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা ও বরিশাল সদর আসনের সংসদ সদস্য আইনজীবী মজিবর রহমান সরোয়ার বলেছেন, 'একসময় গণমাধ্যমের বিশিষ্ট সাংবাদিকরা রাজনৈতিক নেতাদেরও নির্দেশনা দিতেন। কিন্তু সেই

গণমাধ্যমগুলোতেও অনেক ক্রটি লক্ষ্য করা গেছে, এসব ক্রটি দূর করা প্রয়োজন। সাংবাদিক পুলক চ্যাটার্জীর মৃত্যুর প্রকৃত কারণ জানতে আমরা শ্বেতপত্র চাই।' শনিবার (১৯ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১১টায় বরিশাল প্রেসক্লাবের হলরুমে প্রেসক্লাবের ও ২ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় ট্রান্সফরমার চুরি

ও মাদক মামলায় কারাগারে ১০

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় বিদ্যুতের আটটি ট্রান্সফরমার চুরির ঘটনায় রোরচক্রের দুই সদস্য এবং মাদকবিরোধী অভিযানে ইয়াবা ও গাঁজাসহ আরও আটজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তার ব্যক্তিদের শনিবার (১৯ সেপ্টেম্বর) আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে। আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাসুদ খান তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন। পুলিশ সূত্রে জানা যায়, উপজেলার গৈলা ইউনিয়নের ও বাকাল ইউনিয়নের সরবাড়ী গ্রামসহ বিভিন্ন এলাকায় বিদ্যুতের ট্রান্সফরমার চুরির ঘটনা

ঘটে। সংঘবদ্ধ একটি রোরচক্র দীর্ঘদিন ধরে এসব ট্রান্সফরমার চুরি করে আসছিল বলে অভিযোগ রয়েছে। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায়ে সেসব গ্রামের আবুল বাশার সন্যাসমতের ছেলে

জামাল হোসেন (৩২) ও একই গ্রামের সুলতান উইয়ার ছেলে ইমেন উইয়ারকে (১৯) আটক করে পুলিশ। পরে জিজ্ঞাসাবাদে তাদের কাছ থেকে ট্রান্সফরমারের আংশিক মালামাল উদ্ধার করা হয়। অন্যদিকে, মাদকবিরোধী অভিযানে ইয়াবা ও গাঁজাসহ

আটজনকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন-উপজেলার পশ্চিম রাজিহার গ্রামের বিরেন্দ্রনাথ বড়ালের ৩ এর পাতায় দেখুন

ফেসবুক পোস্টকে কেন্দ্র

করে পিটিয়ে হত্যা

শ্রেফতার দুই

দৌলতখান প্রতিনিধি

ভোলায় দৌলতখান উপজেলায় জমির বিরোধের জেরে ফেসবুক পোস্টকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষের সময় আহত মমতাজ বেগম রাসু (৬০) নামে এক নারীর মৃত্যুর ঘটনায় হত্যা মামলা দায়ের হয়েছে। এ মামলায় পুলিশ হেফাজতে থাকা ২ জনকে শ্রেফতার দেখিয়ে আদালতে সোপর্দ করেছে পুলিশ। শ্রেফতারকৃতরা হলেন, উপজেলার জয়নগর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের নজির বেগারী বাড়ির বাসিন্দা মামলার এক নম্বর আসামী মো. কাশেম (৫৫) ও দুই নম্বর আসামী কাশেমের স্ত্রী রাজিয়া বেগম (৫০)। শুক্রবার (১৮ সেপ্টেম্বর) দিনগত রাতে মমতাজ বেগমের মেয়ে রুবিয়া বেগম বানী হয়ে ৫ জনকে ২ এর পাতায় দেখুন

স্বামী মাদক মামলায় কারাগারে যাওয়ার

এক সপ্তাহ পর স্ত্রী ইয়াবাসহ আটক

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদীতে মাদক মামলায় স্বামী কারাগারে যাওয়ার পর তাঁর ইয়াবার কারবার করছিলেন স্ত্রী রুবি বেগম (৪৫)। তবে শেষ রক্ষা হয়নি। ইয়াবা ও মাদক বিক্রির নগদ টাকাসহ পুলিশের হাতে আটক হয়েছেন তিনি। শুক্রবার রাতে উপজেলার তেরার এলাকা থেকে তাঁকে আটক করা হয়। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে রাত ১০টার দিকে মুলাদী পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের তেরার এলাকায় অভিযান চালানো হয়। এ সময় রুবি বেগমকে ৬০টি ইয়াবা ও মাদক বিক্রির নগদ ৭৫ হাজার ২০০ টাকাসহ ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাগরপুর, নেওারাবাল ও বরিশাল জেলা: উজিরপুর ও বারুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

শত শত শিক্ষকের শিক্ষক, সক্ষম বাংলায় প্রগতিশীল বাংলা আত্মপরিচয় ও ব্যাকরণবিশিষ্ট বরিশাল সরকারি ব্রহ্মচর্যমান কলেজ, বাংলা বিদ্যালয়ের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পদাধীশা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

বইটুকু

বইটুকু

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রোগ্রামের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র: বিহয়ের প্রধান পদাধীশ, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সূচনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

প্রকাশনা

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা

সদর দপ্তর, বরিশাল

01932-314219

ইসলামিয়া লাইব্রেরি

শাহরাসাত, সদর দপ্তর, বরিশাল

01711-264963

অবুদুর লাইব্রেরি

সদর দপ্তর, বরিশাল

01708-868515

অবুদুর লাইব্রেরি

সদর দপ্তর, বরিশাল

01708-868514

খন্দকার লাইব্রেরি

সদর দপ্তর, বরিশাল

01711-47767

নিউ মাহবুব লাইব্রেরি

সদর দপ্তর, বরিশাল

01763-10772

রহমান বুক হাউজ

শাহরাসাত, সদর দপ্তর, বরিশাল

01718-670945

মজুমদার লাইব্রেরি

সদর দপ্তর, বরিশাল

01716-139268

অমৃত লাইব্রেরি

হাট নগর, বরিশাল

01719-408049

নিউ কলেজ লাইব্রেরি

হাট নগর, বরিশাল

01726-074663

হক লাইব্রেরি

হাট নগর, বরিশাল

01724-851658

আশরাফিয়া লাইব্রেরি

হাট নগর, বরিশাল

01717-468083

সম্পাদকীয় আসছে ইউপি নির্বাচন

আনুষ্ঠানিক ঘোষণার আগেই বেশ কিছুদিন থেকে দেশের গ্রামেগঞ্জে ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনের হাওয়া বইছে। কোনো কোনো প্রার্থী নিজের প্রচারও জোর কদমে শুরু করেছেন। ইউনিয়ন পরিষদগুলোয় নিজেদের প্রভাববলয় তৈরি করতে দেশের রাজনৈতিক দলগুলো হিসাব-নিকাশ করছে। এমন প্রেক্ষাপটে গত সোমবার নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ সাংবাদিকদের সামনে ইউপি নির্বাচনের রোডম্যাপ তুলে ধরেন। দেশের বেশির ভাগ সংবাদমাধ্যম খবরটি গুরুত্বের সঙ্গে প্রচার করেছে। খবরে বলা হয়, আসন্ন ইউপি নির্বাচন নিয়ে গত সোমবার একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে নির্বাচন কমিশনার জানান, আসন্ন নির্বাচন নিয়ে কিছু প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে এগুলো চূড়ান্ত কিছু নয়। প্রাথমিক সিদ্ধান্ত অনুযায়ী, ইউপি নির্বাচন শুরু হতে যাচ্ছে ১২ নভেম্বর। প্রথম ধাপেই ৮০টি উপজেলার ইউপিগুলোর নির্বাচন হবে। ঠাকুরগাঁও জেলা বাদে দেশের ৬৩ জেলার সদর বা কাছাকাছি উপজেলার ইউপিগুলো প্রথম ধাপের নির্বাচনের জন্য বেছে নেওয়া হবে। মোট সাত ধাপে নির্বাচনের দ্বিতীয় ধাপে ১৩ ডিসেম্বর, তৃতীয় ধাপে ৩০ ডিসেম্বর, চতুর্থ ধাপে ২০২৭ সালের ১৭ জানুয়ারি, পঞ্চম ধাপে ৪ ফেব্রুয়ারি, ষষ্ঠ ধাপে ২২ এপ্রিল, সপ্তম ধাপে ২৭ মে ভোজিহাঙ্গের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নির্বাচন কমিশন সচিব আমতার আহমেদ মঙ্গলবার সাংবাদিকদের বলেছেন, আশামীকাল বৃহস্পতিবার আন্ত মন্ত্রণালয় বৈঠক শেষে ভোটের তারিখ চূড়ান্ত করা হবে। ইউপি নির্বাচন হলো তৃণমূল পর্যায়ে গণতন্ত্রচর্চার গুরুত্বপূর্ণ ভিত্তি। একই সঙ্গে গ্রামীণ উন্নয়ন, স্থানীয় বিচারব্যবস্থা পরিচালনা এবং সাধারণ মানুষের দোরগোড়ায় নাগরিক সেবা পৌঁছে দিতে ইউনিয়ন পরিষদের বিকল্প নেই। এ ছাড়া ইউনিয়ন পরিষদের স্কয়ারম্যান-মেঘারদের সঙ্গে জনগণের নিত্য ঠিকানসা থাকে। সংগত কারণে এ নির্বাচন ঘিরে সাধারণ মানুষের আহ্বা থাকে তুলে। কিন্তু পরিচাপের বিষয় হলো, অতীতে অন্যান্য নির্বাচনের মতো ইউনিয়ন পরিষদ নির্বাচনও প্রশ্নবিদ্ধ হয়েছে। সবার সমান অংশগ্রহণের সুযোগ ছিল না। নির্বাচনী পরিবেশ নিয়ে নাগরিক সমাজে অসন্তোষ ছিল। ২০২১-২২ সালে অনুষ্ঠিত সর্বশেষ ইউপি নির্বাচনে দেখা গেছে, বিনা ভোটে জনপ্রতিনিধি হওয়ার নতুন রেকর্ড তৈরি হয়েছে। আশার কথা হলো, ত্রয়োদশ সংসদ নির্বাচনের মধ্য দিয়ে দেশে গণতন্ত্রের প্রাণ সঞ্চার হয়েছে। বিএনপি নেতৃত্বাধীন সরকার গঠনের প্রথম বছরেই স্থানীয় সরকার নির্বাচনের উদ্যোগ নেওয়া হয়েছে। পর্যবেক্ষকরা বলছেন, সংসদ নির্বাচনের মতো ইউনিয়ন পরিষদ নির্বাচনেও শক্তিশীর্ণ পরিবেশ বজায় রাখাই বড় চ্যালেঞ্জ। একই সুরে কথা বলছেন নির্বাচন কমিশনার আব্দুর রহমানুল মাছউদ। সম্প্রতি তাঁর কাছে জানতে চাওয়া হয়েছিল, ইউপি নির্বাচনে বড় চ্যালেঞ্জ কী? জবাবে তিনি বলেন, ‘রক্তপাত এড়ানো। আমরা একাধিক ধাপে নির্বাচন করব। প্রথম ধাপের নির্বাচনে সহিসসতা ও অনিয়ম কিছু হলে পরবর্তী ধাপে প্রতিকারমূলক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে’।

নতুন পে-স্কেলের প্রজ্ঞাপন

১ জুলাই থেকে বেতন বৃদ্ধির একটি অংশ এবং পর্যা্যক্রমে ২০২৭ সালের জুলাই থেকে কিস্তিভায়ে বেতন দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। একইভাবে পেনশনভোগীরাও পর্যা্যক্রমে বর্ধিত নিট পেনশন পাবেন। বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন-১ অনুবিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। এরপর তা গণ্ডেট আকারে প্রকাশিত হয় আদেশ অনুযায়ী, ১ জুলাই নতুন বেতনস্কেলে অনুযায়ী বেতন নির্ধারণ করে বেতন বৃদ্ধির মোট অঙ্কের ৪০ শতাংশ নময় ও এর ওপরের শ্রেড়ে এবং ৫০ শতাংশ ১০ম থেকে ২০তম শ্রেডি কর্মচারীদের দেওয়া হবে। এরপর ১ জুলাই ২০২৭ থেকে বার্ষিক বেতনবৃদ্ধি বা ইনক্রিমেন্টসহ মূল বেতন শতভাগ কার্যকর হবে। আদেশে আরও বলা হয়েছে, কর্মচারীরা ১ জুলাই থেকে আদেশ জারির তারিখ পর্যন্ত সময়ের বেতন বকেয়া হিসেবে পাবেন। পেনশনভোগীদের ক্ষেত্রেও একইভাবে পর্যা্যক্রমে বর্ধিত নিট পেনশন দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। ১ জুলাই ২০২৬ থেকে ৬৩ ডিসেম্বর পর্যন্ত বিদ্যমান নিট পেনশন স্রাব ২০ হাজার ১ টাকা ও তদুপর্ধের ক্ষেত্রে নিট পেনশন বৃদ্ধির মোট অঙ্কের ৪০ শতাংশ এবং ১ টাকা থেকে ২০ হাজার টাকা পর্যন্ত স্রাবের ক্ষেত্রে ৫০ শতাংশ বিদ্যমান নিট পেনশনের সঙ্গে যোগ করে দেওয়া হবে। আগামী বছরের ১ জানুয়ারি থেকে ৩০ জন পর্যন্ত ২০ হাজার ১ টাকা ও তদুপর্ধের ক্ষেত্রে বৃদ্ধির ৭০ শতাংশ এবং ১ টাকা থেকে ২০ হাজার টাকা পর্যন্ত স্রাবের ক্ষেত্রে ৭৫ শতাংশ দেওয়া হবে। আগামী বছরের ১ জুলাই থেকে বার্ষিক বৃদ্ধি বা ইনক্রিমেন্টসহ নিট পেনশন শতভাগ কার্যকর হবে। পেনশনভোগী ও আজীবন পারিবারিক পেনশনভোগীরাও গত ১ জুলাই থেকে আদেশ জারির তারিখ পর্যন্ত সময়ের নিট পেনশন বকেয়া হিসেবে পাবেন। এ ছাড়া গত ১ জুলাই থেকে আগামী বছরের ৩০ জুনের মধ্যে কোনো কর্মচারী অবসর-উত্তর ছুটি শেষে অবসরে গেলে তার ‘গ্রস ও নিট পেনশন জাতীয় বেনচমার্কস, ২০২৬’ অনুযায়ী নির্ধারণ করা হবে। এর আগে গত ৩১ আগস্ট নবম পে-স্কেলের প্রস্তাব অনুমোদন দেয় মন্ত্রিসভা।

হেলিকপ্টারে পালাবেন নাকি সন্মানের

ক্ষমতা থেকে পদত্যাগ করবেন- সেই রাষ্ট্রা ভাষাই নির্ধারণ করতে হবে বলে ইঁশিয়ারি দিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) অহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম। তিনি বলেন, শৈরচাচার এরশাদও অনেক সন্মানের সঙ্গে পদত্যাগ করেছিলেন। ফলে তারেক রহমানকে তার যাওয়ার রাষ্ট্রা নিজেকেই নির্ধারণ করতে হবে। শনিবার (১৯ সেপ্টেম্বর) সকালে রাজধানীর মানিক মিয়া এভিনিউয়ে ১১ দলীয় ঐক্যের ঢাকা-রংপুর লং মার্চের উদ্বোধনী সমাবেশে তিনি এসব মন্তব্য করেন। নাহিদ ইসলাম বলেন, বিগত ১৬ বছর আমরা লড়াই করেছিলাম মানবাধিকারের জন্য, গণতন্ত্রের জন্য। আমরা (বিএনপি) আমাদের সঙ্গে ছিলেন। এই বিএনপি এখন সরকারের এসে নিজেরাই জনগণের মানবাধিকার হরণ করছে। গণতন্ত্রকে ধ্বংস করছে। ফলে যারা অতীতে গণতন্ত্রকে ধ্বংস করেছে, তাদের স্থান হয়েছে ইতিহাসের আঙ্কারুঁড়ে। তারেক রহমানকে নির্ধারণ করতে হবে, তিনি কীভাবে ক্ষমতা থেকে চলে যাবেন। তিনি কি হেলিকপ্টারে করে পালিয়ে দেশ থেকে যাবে? নাকি সম্মানের সঙ্গে ক্ষমতা থেকে পদত্যাগ করবেন? বিরোধীদলীয় চিফ হুইপ বলেন, ‘এই সরকারের দায়িত্ব ছিল মানবাধিকারের সুরক্ষা দেওয়া। তারা মানবাধিকার হরণের সব ধরনের প্রেক্ষাপট তৈরি করেন। শেষ হানিনার সরকার জনগণের পরিচারণা হরণ করেছে যেসব আইন ও প্রতিষ্ঠানের মাধ্যমে, বর্তমান সরকারও ঠিক একই আইন ও প্রতিষ্ঠানগুলো ব্যবহার করা শুরু করেছে।’ লংমার্চের পক্ষে সারা দেশে ঐতিহাসিক গণজোয়ার শুরু হয়েছে জা নিয়ে তিনি অভিযোগ করেন, ‘গণজোয়ারকে প্রতিরোধ করার জন্য ১১ দলের ব্যানার-ফেস্টুন ছিড়ে ফেলা হচ্ছে। বিএনপির নেতাকর্মী এবং আরও সচিব সিটি করপোরেশনও যোগ দিয়েছে। বিভিন্ন জায়গায় এই ব্যানার-ফেস্টুন ছিড়ে ফেলা হচ্ছে। ব্যানার-

ফেস্টুন ছিড়ে ফেলে এই লং মার্চের গণজোয়ার বন্ধ করা সম্ভব হবে না। দফা বাড়ছে। সকল দফা এক দফায় আসবে।’ গণভোটের গণরায় বাস্তবায়ন, জুলাই গণহত্যার বিচার, বিদ্যুৎ, তেল, গ্যাস ও সার সংকট নিরসন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি রোধ, দুর্নীতি, চাঁদাবাজি ও দখলদারি বন্ধ, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন, সংকীর্ণ দলীয়করণ বন্ধ এবং তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নের দাবিতে এ লং মার্চ করছে ১১ দলীয় জোট।

সরকার ১৪শ মানুষের রক্তের

ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। তিনি বলেছেন, সরকার জনগণের সঙ্গে দেওয়া একটি কথাও রাখেনি। শনিবার (১৯ সেপ্টেম্বর) সকালে টাঙ্গাইলের নগর জালফৈ বাইপাস রোডে ১১ দলীয় ঐক্যের ঢাকা-রংপুর লং মার্চের পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। এদিন সকাল ১১টার দিকে টাঙ্গাইলের নগর জালফৈ বাইপাস এলাকায় এ পথসভা শুরু হয়। এতে সভাপতিত্ব করেন টাঙ্গাইল জেলা জামায়াতে ইসলামীর আমির ও ১১ দলীয় ঐক্যের আহ্বায়ক আহসান। এর আগে লং মার্চের বহর গাজীপুরের পথসভা শেষ করে টাঙ্গাইলে পৌঁছায়। টাঙ্গাইলের পথসভা শেষে লং মার্চের বহর রংপুরের উদ্দেশে যাত্রা করে। গণভোটের গণরায় বাস্তবায়ন, জুলাই গণহত্যার বিচার, বিদ্যুৎ, তেল, গ্যাস ও সার সংকট নিরসন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যের ঊর্ধ্বগতি রোধ, দুর্নীতি, চাঁদাবাজি ও দখলদারি বন্ধ; আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন; সংকীর্ণ দলীয়করণ বন্ধ এবং তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নের আিট দফা দাবিতে এই লং মার্চ শুরু করেছে ১১ দলীয় ঐক্য। যদিও এর আগে বিশাল গাড়ির বহর নিয়ে করা ঢাকা-চট্টগ্রাম লংমার্চে তাদের ছয় দফা দাবি ছিল। টাঙ্গাইলের পথসভায় প্রধান অতিথির বক্তব্যে শফিকুর রহমান বলেন, ‘১৪শ মানুষের রক্তের বিনিময়ে এই সরকার দাঁড়িয়ে আছে। কিন্তু এই সরকার জনগণের সঙ্গে দেওয়া একটি কথাও রাখেনি।’ তিনি বলেন, ‘সরকার জনগণের রায়ের সঙ্গে অন্যা্য করেছে। ৭০ শতাংশ মাংষ যে গণরায় দিয়েছে, সেই রায়কে তারা অস্বীকার করেছে। তারা বৈরচাচারের পথে ইটচড়ে।’ জামায়াত আমির বলেন, ‘তাদের কথা ছিল, কোথাও অনির্বাচিত কাউকে বসানো হবে না। কিন্তু তারা প্রত্যেক জেলায় নিজস্বের পছন্দমতো জেলা প্রশাসক বসিয়েছে।’ এদিকে লং মার্চের আট দফা দাবির মধ্যে রয়েছে- গণভোটের গণরায় বাস্তবায়ন, জুলাই গণহত্যার বিচার, বিদ্যুৎ, তেল, গ্যাস ও সার সংকট নিরসন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি রোধ, দুর্নীতি, চাঁদাবাজি ও দখলদারি বন্ধ, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন, সংকীর্ণ দলীয়করণ বন্ধ এবং তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন।

সব মন্ত্রণালয়ের প্রশিক্ষণে

কার্যক্রমকে একটি সমন্বিত কাঠামোর আওতায় এনে অভিন্ন সিলেবাসে প্রশিক্ষণ ও সনদ দেওয়ার ব্যবস্থা করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (১৯ সেপ্টেম্বর) সকালে তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের (এনএসডিএ) গভর্নিং বডির তৃতীয় সভায় সভাপতিত্বকালে প্রধানমন্ত্রী এ নির্দেশনা দেন। সভায় প্রধানমন্ত্রী বলেন, জাতীয় ও আন্তর্জাতিক শ্রমজগতের চাহিদার ভিত্তিতে দক্ষ মানবসম্পদ গড়ে তোলার ক্ষেত্রে এনএসডিএ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আন্তর্জাতিক শ্রমবাজারে বাংলাদেশের দক্ষ জনশক্তির চাহিদা বৃদ্ধির ক্ষেত্রেও এটি একটি গুরুত্বপূর্ণ প্র্যাটফর্ম। তিনি বলেন, দেশের যুবসমাজের দক্ষতা উন্নয়ন অত্যন্ত জরুরি। এ লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে অনেক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হলেও যথাযথ সমন্বয়ের অভাবে এসব প্রশিক্ষণ ও সনদ অসমত্ব ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখতে পারছে না। ফলে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে এসব সনদের বিপরীতে আমাদের তরুণ প্রজন্ম কাঙ্ক্ষিত বীকৃতি পাচ্ছে না। প্রধানমন্ত্রী বলেন, এনএসডিএ-র গভর্নিং বডিকে অল্প সময়ের মধ্যে একটি ছোট কমিটির মাধ্যমে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করে বিভিন্ন মন্ত্রণালয়ের দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ কার্যক্রমকে একটি সমন্বিত কাঠামোর আওতায় আনতে হবে। তিনি অভিন্ন সিলেবাসের মাধ্যমে প্রশিক্ষণ ও সনদ দেওয়ার ব্যবস্থা করার ওপর গুরুভারোগ্য করেন। প্রধানমন্ত্রী বলেন, অভিন্ন ও আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষণ এবং সদস্যদায়ন ব্যবস্থা চালু করা গেলে দেশের তরুণদের দক্ষতা উন্নয়নের পাশাপাশি জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে তাদের গ্রহণযোগ্যতা ও বীকৃতি বাড়বে। সভায় এনএসডিএ-র প্রশাসনিক কাঠামো, জনবল ও কার্যালয় সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করা হয়। এ ছাড়া জাতীয় দক্ষতা উন্নয়নসংক্রান্ত নীতি ও পৌলশীকত্র, জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী দক্ষ মানসম্পদ তৈরি, খাতভিত্তিক দক্ষতার চাহিদা বিশ্লেষণ এবং স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা হয়। এ সময় প্রশিক্ষণের মালেকদান, সদস্যদান এবং সমিতির পারস্পরিক বীকৃতির বিষয়েও আলোচনা করা হয়। সভায় অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. ইসমাইল জব্বিউল্লাহ, শিল্পমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, শিকমন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী, প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদি আমিন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী, যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. আমিনুল হক, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এবিএম আব্দুস সাত্তার, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান চৌধুরী আতিক মাহমুদ বিন হারগুন, এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক অধ্যাপক ড. এস এম আব্দুল আগওয়াল, এনএসডিএর নির্বাহী চেয়ারম্যানসহ বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব ও অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

স্বামী মাদক মামলায় কারাগারে যাওয়ার

হাতেনাতে আটক করা হয়। তিনি ওই এলাকার সালাম মাঝির স্ত্রী। পুলিশ আরও জানায়, গত ১০ সেপ্টেম্বর রাতে একাধিক মাদক মামলার আসামি সালাম মাঝিকে আটক করে পুলিশ। পরে তাঁর বিরুদ্ধে মামলা করে ১১ সেপ্টেম্বর কারাগারে পাঠানো হয়। স্বামী কারাগারে যাওয়ার পর থেকে রুবি বেগম ইয়াবার কারবার করছিলেন বলে জানায় পুলিশ। মুলাদী খানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোলেহ রানা বলেন, ‘ইয়াবাসহ আটক রুবি বেগমের বিরুদ্ধে থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা করা হয়েছে। শনিবার তাঁকে বরিশালের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।’

ফেসবুক পোস্টকে কেন্দ্র

আসামি করে দৌলতখান থানায় হত্যা মামলাটি করেন। শনিবার (১৯ সেপ্টেম্বর) সকালে মামলায় তাদের প্রেক্ষাপট দেখিয়ে ভোলার আদালতে সোপর্দ করে পুলিশ। এর আগে বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) রাত ৮টার দিকে নিজ বাড়িতে করণের বেগমকে পিটিয়ে আহত করা হয় বলে অভিযোগ রয়েছে তার পরিবারে। পরে দিবাগত রাত আনুমানিক ১২টার দিকে নিজ বসতঘরে তার মৃত্যু হয়। মামলার এজহার ও নিহতের পরিবারের অভিযোগ, বৃহস্পতিবার রাতে মমতাজ বেগমের দেবর বজলু বেগারির ছেলে মাহমুদ্দিন জমি-সংক্রান্ত একটি বিষয় নিয়ে ফেসবুকে পোস্ট দেন। ওই পোস্টকে কেন্দ্র করে রাত ৮টার দিকে পাশের বাড়ির কাশেম, তার ছেলে ইকবাল, স্ত্রী রাজিয়া বেগম ও শিশুদের দেবর বজলুর মর্যদা-কাটাচাঁক ও সংঘর্ষ হয়। এ সময় রাসু বেগম সংঘর্ষ থামাতে এগিয়ে গেলে আসামিরা তাকে এসোপাটাড়ি মারার চেষ্টা করে শুরুতর আহত করেন বলে অভিযোগ করা হয়। পরে তার ৮টার দিকে আহত অবস্থায় তার মৃত্যু হয়। খবর পেয়ে পুলিশ মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ডোলা ভোলােলে হাসপাতালের মর্গে পাঠায়। এ ঘটনায় কাশেম ও তার স্ত্রী রাজিয়াকে আটক করে জিজ্ঞাসাবাদ

করা হয়। পরে হত্যা মামলায় তাদের প্রেফতার দেখানো হয়। দৌলতখান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফখরুল ইসলাম বলেন, রাতে নিহতের বড় মেয়ে ৫ জনকে আসামি করে হত্যা মামলা করেন। মামলার এক ও দুই নম্বর আসামিকে প্রেফতার করে আদালতে সোপর্দ করা হলে আদালত তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন। তিনি আরও বলেন, মামলাটির তদন্ত এবং বাকি আসামিদের গ্রেপ্তারে অভিযান চলছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়া গেলে মৃত্যুর সঠিক কারণ জানা যাবে।

সাগরে লঘুচাপ ঘনীভূত

ও সিলেট বিভাগের দু’এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। একই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে। এছাড়া সারা দেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। সোমবার (২১ সেপ্টেম্বর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘট্টায় খুলনা, বরিশাল ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের দু’এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। একই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে এবং সারা দেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘট্টায় খুলনা ও বরিশাল বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। একই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে। এছাড়া সারা দেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। বুধবার (২৩ সেপ্টেম্বর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘট্টায় খুলনা ও বরিশাল বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। একই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে। এছাড়া সারা দেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং আগামী পাঁচদিন পর দেশে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা বাড়তে পারে বলে জানিয়েছে সংস্থাটি।

অযোগ্য মন্ত্রীদের কারণেই জ্বালানি

রুকন সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জেলা জামায়াতের আমীর ও কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য আয্ডভোকেট মু. হাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল অঞ্চলের টিম সদস্য ফখরুদ্দিন খান রাজী, জেলা নায়েবে আমীর আয্ডভোকেট রিএম আমিনুল ইসলাম এবং বালকাঠি-২ আসনে জামায়াত মনোনীত প্রার্থী শেখ নোয়ামুল করিম। অনুষ্ঠানটি সম্বলানা করেন জেলা ফেডেরাটর মুহাম্মদ ফরিদুল হক। প্রধান অতিথির বক্তব্যে মুয়াযযম হোসাইন হেলাল আমর বলেন, জামায়াতে ইসলামীর রুকনের আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য প্রাণপন চেষ্টা করতে হবে। দুনিয়ার জীবন আসল ঠিকানা নয়, পরকালই আমাদের আসল ঠিকানা। প্রকৃত বুদ্ধিমান ব্যক্তি পরকালের জন্যই চেষ্টা করে। তিনি রুকনদের জনকল্যাণমূলক কাজে আত্মনিয়োগ করার এবং সংগঠনের দায়ত্বভার সব মানুষের কাছে পৌঁছে দেওয়ার আহ্বান জানান। একই সাথে সংগঠনকে শক্তিশালী করার মাধ্যমে সকল ষড়যন্ত্র মোকাবিলায় কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানান। সেখানে বক্তারা সরকারের সমালোচনা করে বলেন, কুরআন-ইসলাম বিরোধী কোনো আইন করা হবে না ঘোষণা দিলেও ইত্তাহুন্না কুরআন বিরোধী হবে। আইন পাস করা হয়েছে। আইনমন্ত্রীর বক্তব্যের সমালোচনা করে তারা বলেন, সংবিধান হিসেবে কুরআনকে না মানার কথা বলেই তিনি কুরআনের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেছেন। এছাড়া দেশে ফ্যাসিবাদী শক্তি নতুন করে মাথাচাড়া দিয়ে উঠছে উল্লেখ করে জুলাইয়ের আকাজক্ষা বাস্তবায়নে সবাইকে জনগণের দ্বারে দ্বারে যাওয়ার আহ্বান জানান বক্তারা।

উদ্বাস্ত শিবিরে কোরআন

কাছাকাছি একটি ক্ষেপণাস্ত্র আঘাত হানে। এতে তিনি আহত হয়ে ৪৫ দিন হাসপাতালে ছিলেন। এর মধ্যে সাত দিন কাটাতে হয়েছে নিবিড় পরিচর্যা কেন্দ্রে। কিন্তু সেই আঘাতও তাকে কোরআন হিফজের পথ থেকে থামাতে পারেনি। ব্যস্ততাতি, পানি সরবরাহের হ্রান ও স্কুলের সামনে দীর্ঘ অপেক্ষার মধ্যেও তিনি হিফজ চালিয়ে যান এবং শেষ পর্যন্ত তা সম্পন্ন করেন। আরেক নারী হাফেজের গল্প আরও বেদনাদায়ক। ২০২৪ সালের ২২ ফেব্রুয়ারি তার বাড়িতে হামলা চালানো হয়। এতে তিনি বাবা, মা ও ভাই-বোনদের হারান। পরিবারের একমাত্র জীবিত সদস্য হিসেবে তাকে কোরআন মুখস্থ করতে বাধ্য করেন। তিনি বলেন, যে খতম তিনি সম্পন্ন করেছেন, তা বাবা, মা ও ভাই-বোনের রুহের উদ্দেশে উৎসর্গ করছেন। একই সঙ্গে হিফজের এই যাত্রায় পাশে থাকার জন্য চাচার পরিবারের প্রতি কৃতজ্ঞতা জানান তিনি। অনুষ্ঠানে এক ছোট শি দাঁড়িয়ে বলেছিল, আমি বড় হয়ে ওদের মতো হব। তবে হিফজের আসরগুলোও হৃদয়ের ভয়াবহতা থেকে দূরে ছিল না। এক নারী তত্ত্বাবধায়ক জানান, হিফজের আসরে যখন কোরআন তিলাওয়াতের শব্দ প্রতিধ্বনিত হচ্ছিল, তখন ইসরায়েলি বাহিনীর ট্যাংক থেকে ওই স্থানে গুলি ছেড়া হয়। একজন তত্ত্বাবধায়ক বলেন, গাজার চারপাশে ধ্বংস্তুপ থাকলেও তাঁর মধ্য থেকেই কোরআনের হাফেজ তৈরি হচ্ছে। তিনি বলেন, কঠিন পরিস্থিতিতে এসব শিক্ষার্থী অনেক পরিশ্রম করেছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এক নারী হাফেজের মা। তিনি জানান, তাদের পরিবারকে ১২ বারের বেশি বাস্ত্চ্যুত হতে হয়েছে। হারতে হয়েছে বাড়ি। আহত, ভয়, ক্ষুধা ও ধ্বংসের অভিজ্ঞতার মধ্য দিয়ে তেতে হয়েছে। এতো কিছুর মধ্যেও তার মেয়ে হিফজ ক্যাস্পে যাওয়া অব্যাহত রেখেছে এবং শেষ পর্যন্ত পুরো কোরআন হিফজ করেছে। মা বলেন, গাজার শিশুরা সময়েও আগেই বড় হয়ে গেছে। তবে এই কঠিন পরিস্থিতির মধ্যেও তারা নিজেদের বিভিন্ন অর্জনে ব্যস্ত রেখেছে।

পিরোজপুরে পরিদর্শন শেষে ফেব্রার পথে ব্রিজ

সুপতি হাফদার চম্বল, যেক্সলাসেবী সংগঠন পজিটিব পিরোজপুরের সাধারণ সম্পাদক ও জিটিবি পিরোজপুরে প্রতিনিধি নাসিম তালুকদার, সংগঠনটির সহসভাপতি জুবায়ের আল মামুন এবং সমাজসেবী গাজী কামরুজ্জামান শুভ। জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, ডেপু মোকাবিলায় পরিচ্ছন্নতা কার্যক্রম এবং সরকারি খাল দখলমুক্ত করার লক্ষ্যে শনিবার সকাল ৯টা থেকে জেলা প্রশাসন, পৌরসভা, বিভিন্ন এনজিও ও যেক্সলাসেবী সংগঠনের উদ্যোগে অভিযান পরিচালনা করা হয়। অভিযানের অংশ হিসেবে শিকারপুর এলাকার নাপিতখালী খাল, পুলিশ লাইন সড়কের কুমারখালী খাল এবং পিটিআই-বৌদ্ধপাড়া সল্ফয় খালে দখলমুক্ত ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চালানো হয়। পরিষ্কার কার্যক্রমের পরে প্রশাসক আবু সাঈদ, পৌর প্রশাসক মাহমুদুর রহমান মামুনসহ সংশ্লিষ্টরা পিটিআই সল্ফয় বৌদ্ধপাড়া খালের মোকনা পরিদর্শন করেন। পরিদর্শন শেষে ফেব্রার পথে খালের ওপর থাকা একটি পুরোনো ব্রিজ দিয়ে কয়েকজন পার হওয়ার সময়

হঠাৎ ব্রিজটির একটি অংশ ভেঙে পড়ে। এতে চারজন বালে পড়়ে আহত হন। এ সময় জেলা প্রশাসক ও পৌর প্রশাসকও ব্রিজের কাছে ছিলেন। তবে তারা ব্রিজ ভেঙে পড়ার সময় কোনো রকমে সিলেদার রক্ষা করতে সক্ষম হন। দুর্ঘটনার পর আহতদের দ্রুত উদ্ধার করে পিরোজপুর জেলা হাসপাতালে নেওয়া হয়। সেখানে তাদের চিকিৎসা দেওয়া হয়েছে। খবর পেয়ে জেলা পরিষদের প্রশাসক অধ্যক্ষ আলমগীর হোসেন হাসপাতালে ছুটে যান এবং আহতদের শারীরিক অবস্থার খোঁজখবর নেন। স্থানীয়রা জানায়, খালের ওপর থাকা পুরোনো ব্রিজটি দীর্ঘদিন ধরে ঝুঁকিপূর্ণ অবস্থায় ছিল। দুর্ঘটনার পর ঝুঁকিপূর্ণ সেতু ও কালভার্টগুলো পরিদর্শন করে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন তারা।

সাংবাদিক পুলক চ্যাটার্জী মৃত্যুর

করলেন না? সমকালের কাছে জানতে চাননি কেন পুলক আব্দুহত্যা করলেন। ঢাকায় মানববন্ধন করে প্রতিবাদ জানানো, আমরায় আপনাদের সঙ্গে আছি।’ বরিশাল প্রেসক্লাবের সভাপতি অধ্যক্ষ আমিনুল ইসলাম খসরুর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক আইনজীবী বিলকিস আক্তার জাহান শিরীন। অনুষ্ঠান সম্বলানা করেন প্রেসক্লাবের প্রশাসক এস এম জাকির হোসেন। এসময় বিসিনি প্রশাসক আইনজীবী বিলকিস আক্তার জাহান শিরীন বলেন, ‘এটা কোনো সাধারণ মৃত্যু নয়, এটা একটি প্রতিবাদ। পুলক নিজেকে শেষ করার আগে পাঁচটি চিঠি লিখেছেন। তার মৃত্যুর পর বরিশাল থেকে সাংবাদিকদের একটি বড় ধাক্কা দেওয়া দরকার ছিল। কেন তাকে সমকাল থেকে সরিয়ে দেওয়া হলো, কেন পুলক নিজেকে শেষ করারলেন এবং গ্রন্থের উত্তর প্রয়োজন।’ তিনি আরও বলেন, ‘পুলকের মৃত্যুর পর বরিশাল প্রেসক্লাবের পক্ষ থেকে কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছে। ঢাকা। এই মৃত্যুর ঘটনা সবার মধ্যে একটা ধাক্কা সৃষ্টি করেছে। ঢাকা থেকে কোনো পত্রিকা কর্তৃপক্ষ অন্যা্যভাবে কোনো সিদ্ধান্ত নিলে বরিশাল প্রেসক্লাব কার্যকর পদক্ষেপ নিলে ভবিষ্যতে কোনো পত্রিকা কর্তৃপক্ষ এমন সিদ্ধান্ত নেওয়ার সাহায্য পাবে না।’ মন্ত্রণালয় আরও বক্তব্য দেন বরিশাল মহানগর বিএনপির সদস্যসচিব জিয়া উদ্দিন সিদ্দিক, বরিশাল জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আইনজীবী নজরুল ইসলাম খান রাজন, বরিশাল প্রেসক্লাবের সাবেক সভাপতি আইনজীবী মানবেন্দ্র বটব্যাল, কাজী মোহেব্বুল্লাহ বেগম, সিনিয়র সাংবাদিক অরূপ তালুকদার, নূরুল আলম ফরিদ, নাসিমুল আলম, আক্তার ফারুক শাহীন, শাহীনা আজলিন, কাজী আল মামুন, কাজী মিরাজ মাহমুদ, বরিশাল জেলা সাংবাদিক ইউনিয়নের সভাপতি অযাদ আলাউদ্দীন, বরিশাল রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক খালিদ সাইফুল্লাহ, কমল সেনগুপ্ত, গিয়াস উদ্দিন সুমন, সুমন চৌধুরী, এম জহির, সুফেদুদ এববর ও বিএনপি নেতা আনোয়ারুল কব তালিহ। এ সময় বরিশাল প্রেসক্লাবের কার্যকরী পরিদরের সহ সভাপতি জাকির হোসেন, হুমায়ুন করির, সহ-সাধারণ সম্পাদক এম মোকাজ্জল, সদস্য আব্দুর রাজ্জাক ভূঁইয়া, মাদ্রুল ইসলাম সুরজ, কেএম নরান, খান রুবেল, শাহীন হাসান, বরিশাল জেলা সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক হাফিজুর রহমান হীয়াসহ সাংবাদিক ও বিভিন্ন প্র্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

ডেঙ্গু নিয়ে হাসপাতালে

গুরুতর অবনতি হয়েছে। সেপ্টেম্বরে এখন পর্যন্ত প্রাণহানি হয়েছে ৮১ জনের। এর মধ্যে একদিনে সর্বোচ্চ ৯ জন মারা যান ৮ সেপ্টেম্বর। ঢাকা বিভাগের ক্ষেত্রে দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) আওতাধীন হাসপাতালে ৫৩, উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) আওতাধীন হাসপাতালে ২৩ ও সিটি করপোরেশনের বাইরে ১০ জন প্রাণ হারিয়েছেন। সেই সঙ্গে খুলনায় ৩২, ময়মনসিংহে ১৮, বরিশালে ১৩, চট্টগ্রামে ১৬, রাজশাহীতে আট, রংপুরে চার ও সিলেটে একজন মারা গেছেন। রোগীর মাসভিত্তিক হিসাব মতে, সেপ্টেম্বরে এখন পর্যন্ত ২৪ হাজার ৫৩৩ জন ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। আরের মাম আগস্টে এই সংখ্যা ছিল ২০ হাজার ৫৩৬ জন। এর আগে জানুয়ারিতে এক হাজার ৮১, ফেব্রুয়ারিতে ৪০৯, মার্চে ৩৫৩, এপ্রিলে ৬৪০, মে মাসে ৭১৪, জুনে দুই হাজার ৯০৭ ও জুলাইতে নয় হাজার ২০৬ জন হাসপাতালে আসেন। তাদের মধ্যে ছাড়পত্র পেয়েছেন ৫৬ হাজার ৭০ জন।

নগরীতে দাপিয়ে বেড়াচ্ছে

নবায়ন দেন। তবে বর্তমানে নগরীতে ২০ হাজারের বেশি হলুদ অটোরিকশা দাপিয়ে বেড়াচ্ছে। সিটি করপোরেশনের রাজস্ব কর্মকর্তা বাবুল হালদার বলেন, ‘ব্যটারিচালিত অটোরিকশা থেকে বছরে বিসিসির ৩ কোটি ৮০ লাখ ৫০ হাজার টাকা রাজস্ব আয় হওয়ার কথা। সেখানে প্রতি বছরই রাজস্ব ঘাটতি থেকে যাচ্ছে। ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব আয় হয়েছিল ২ কোটি ৩১ লাখ টাকা। আর ২০২৫-২৬ অর্থবছরে নবায়ন হয়েছে মাত্র ৭২২টি অটোরিকশা, যা থেকে আয় হয়েছে ৩৫ লাখ ৫৭ হাজার ৮৫০ টাকা। ঘাটতি প্রায় সাড়ে তিন কোটি টাকা।’ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানির (ওজোপাউকো) বরিশাল বিভাগ্য বিক্রয় ও বিতরণ কেন্দ্র-১-এর নির্বাহী প্রকৌশলী মনজুর কুমার স্বর্ণকার এবং বিক্রয় ও বিতরণ কেন্দ্র-২ এর নির্বাহী প্রকৌশলী মো. মঞ্জুরুল ইসলামের দেওয়া তথ্য অনুযায়ী, প্রতিটি পাঁচ ব্যাটারির রিকশা বা ইঞ্জিবাইক একবার চার্জ দিতে সাধারণত ৮ থেকে ১০ ঘণ্টা সময় লাগে। সে হিসাবে হলুদ অটোরিকশায় প্রতিদিন ১০ থেকে ১২ কিলোওয়াট থেকে ১৫ কিলোওয়াটের উপকমিশনার (সদর দপ্তর) আব্দুল হাল্লান বলেন, ‘ত্রিফিক আইন লঙ্ঘন হলে প্রতিনিয়ত হলে অটোরিকশার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার পাশাপাশি জব্দ করা হচ্ছে। পাশাপাশি পুলিশ, বিআরটিএ এবং সিটি করপোরেশনের সমন্বয়ে আরও কার্যকর কোনো নীতিমালা করা যায় কি না, সেটা নিয়ে আলোচনা করছি।’ বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক আয্ডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন বলেন, ‘বর্তমানে নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে অভিযান চলছে। এরই মধ্যে লাইসেন্স বা নবায়ন না থাকা অনেক অটোরিকশাকে জরিমানা করা হয়েছে। এ বিষয়ে আমরা প্রয়োজনে আরও কর্তো হব।’

ভাণ্ডারিয়ায় ভ্রাম্যমান আদালত

৩২হাজার টাকা জরিমানা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় শুক্রবার রাতে ৭টি মোটর সাইকেল চালককে বিভিন্ন অংকে মোট ৩২হাজার টাকা জরিমানা আদায় করা হয়। ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী কর্মকর্তা এ কার্যক্রম পরিচালনা করেন। জানাগেছে, শুক্রবার রাতে ভাণ্ডারিয়া-বরিশাল আঞ্চলিক মহাসড়কের স্থানীয় ওভার ব্রিজ সংলগ্ন স্থানে মোটর সাইকেল চালকদের হেলেমট, প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় (পরিচিতি বহীন) সড়ক নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ১৬ধারা লঙ্ঘনের নায়ে ৬৬ ও ৭২ধারায় এ জরিমানা করা হয়। এবং একই সাথে সড়ক নিরাপত্তা নিশ্চিত করণ ও আইন মেনে চলার বিষয়ে সর্গস্তিত্ত সকলকে সতর্ক করা হয়। এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানানো হয়। এসময় আদালতকে সহায়তা করেন, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা দিবাকর বিশ্বাস।

বর্গীর্ণনাখানা

আত্মকথা গ্রন্থিদিন

ভাণ্ডারিয়ায় মাদক মামলায়

মাদক বিক্রি এবং সেবনের অপরাধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারায় ফেরদৌস খানকে এক বছর বিনাপ্রশ্ন কারাদণ্ড ও ২০০ টাকা জরিমানা করা করেন। ভাণ্ডারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেওয়ান দেওয়ান জগদুল হাসান জানান,দণ্ডপ্রাপ্ত ফেরদৌস খানকে কাল রবিবার সকালে (আজ) জেল হাজতে পাঠানো হবে।

মাদকসহ ছাত্রদল নেতা

নিশ্চিত করেছে উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. সনজিব মুখা ও সদস্যসচিব মো. সোহান হাওলাদার। সনজিব মুখা শনিবার (১৯ সেপ্টেম্বর) সকালে বলেন, ‘চরপাতা ইউনিয়ন ছাত্রদলের কমিটির মোয়াদ অনেক আগেই শেষ হয়েছে। এ ছাড়া গত কয়েক দিন ধরে ওই কমিটির আহ্বায়ক শাকিল হাওলাদারসহ কয়েকজনের বিরুদ্ধে সংগঠনবিরোধী ও সমাজবিরোধী কর্মকাণ্ডের অভিযোগ আসছে। তবে এসব অভিযোগের কোনো প্রমাণ আমরা পাইনি।’ সনজিব মুখা বলেন, ‘ছাত্রদল মাদকমুক্ত সমাজ উপহার দিতে চায়। ছাত্রদলের কেউ মাদকের সঙ্গে জড়িত থাকলে তা দলের ও দেশের জন্য বদনাম। এসব বিষয় বিবেচনা করেই চরপাতা ইউনিয়ন ছাত্রদলের কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে।’ দলীয় সূত্রে জানা গেছে, গত বছরের (১৯ জায়ায়ার শাকিল হাওলাদারকে আহ্বায়ক ও মো. আব্দুল হাইকে সদস্যসচিব করে ৩১ সদস্যের চরপাতা ইউনিয়ন ছাত্রদলের আহ্বায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়। উপজেলা ছাত্রদলের আহ্বায়ক সনজিব মুখা ও সদস্যসচিব সোহান হাওলাদার ওই কমিটির অনুমোদন দেন। কমিটির মোয়াদ ছিল ছয় মাস। প্রসঙ্গত, গত বৃহস্পতিবার দিবাগত রাতে দৌলতখান উপজেলায় মাদকসহ পুলিশের হাতে গ্রেফতার হন চরপাতা ইউনিয়ন ছাত্রদলের আহ্বায়ক মো. শাকিল হাওলাদারসহ পাঁচ যুবক। তারা হলেন উপজেলার চরপাতা ইউনিয়ন ছাত্রদলের আহ্বায়ক ও হাওলাদার বাড়ির সামুদ্রিকদের ছেলে মো. শাকিল হাওলাদার (২৪), একই উপজেলার মধ্য জয়নগর এলাকার আজাহার আলী শিকদার বাড়ির মাওলানা মহিউদ্দিনের ছেলে জাবের (২৪) ও নূর উদ্দিনের ছেলে জোনায়েদ (২৮), কলাকোপা গ্রামের ছিদ্দিকের ছেলে সাব্বির (১৯) ও মৃত ফারুক মাঝির ছেলে রাসেল (২০)। তাদের কাছ থেকে ১৩টি ইয়াবা ট্যাবলেট এবং ৫০ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ। গুজবার বিরুদ্ধে তাঁদের আদালতে পাঠানো হয়েছে।

বাউফলে পূজা উদযাপন পরিষদের

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ পটুয়াখালী জেলা শাখার সভাপতি অ্যাডভোকেট কাজল বরণ দাস। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা শাখার সাধারণ সম্পাদক অ্যাডভোকেট সঞ্জয় খাসকেন্দা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা শাখার সহ-শিক্ষা, গবেষণা ও কর্মসংস্থান সম্পাদক কুতিবাস পাল বিদ্যুৎবীর্য মুন্ডিয়োকা বিজয় কৃষ্ণ দাস, কালীবাড়ীর সিনিয়র সহ-সভাপতি রনিঞ্জ চন্দ্র সাহা, অতুল পাল, সুশান্ত সাহা, জিতেন্দ্র নাথ রায় এবং বাউফল পৌর বিএনপির সভাপতি ও পৌর কাউন্সিলর মো. হুমায়ুন কবির। সভায় বক্তারা বলেন, আসন্ন শারদী় দূর্গাপূজা উৎস কোনো প্রকার অপ্রীতিকর ঘটনা ছাড়াই শান্তিপূর্ণ, নিরাপদ ও উৎসবমুখর পরিবেশে উদ্‌যাপিত হবে সেজন্য সকলের সহযোগিতা প্রয়োজন। প্রতিটি পূজা মণ্ডপে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে প্রশাসন, আইন-শৃঙ্খলা বাহিনী, জনপ্রতিনিধি ও স্থানীয় সশস্ত্র সম্প্রদায়ের মানুষকে সমর্থিতভাবে কাজ করার আহ্বান জানানো হয়। এ সময় বক্তারা আরও বলেন, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। আবহমান কাল থেকে এখানে সকল ধর্মের মানুষ মিলেমিশে বসবাস করে আসছে। এই সম্প্রীতি বজায় রেখে একটি আশান্ত্রাদায়িক বাংলাদেশ গড়তে সবাইকে একাবদ্ধভাবে কাজ করতে হবে।

ঘুমন্ত স্ত্রী-শ্বশুর-শাশুড়িকে

করা হয়। পরে ঘরের দরজা বাইরে থেকে লাগিয়ে ঘটনাস্থল ধরে পাঠিয়ে যান ইমরান। আহতদের আর্চিৎকার শুনে স্থানীয় লোকজন তাদের উদ্ধার করে দ্রুত বরিশাল শেরে বাংলা মেডিকাল কলেজ হাসপাতালে নিয়ে যান। ঘটনাকে ভিত্ত্যস্ত করে নিতে জামাই ইমরান হোসেন উজ্জ্বল বরিশাল শেরে বাংলা মেডিকাল কলেজ হাসপাতালে ভর্তি হলে বাকেরগঞ্জ থানা পুলিশ সকাল ১০টার দিকে তাকে সেখান থেকে আটক করে। বাকেরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আদিল হোসেন ঘটনার সত্যতা স্বীকার করে জানান, দেশাশ্রুত জামাইয়ের হাতে স্ত্রী, শ্বশুর ও শাশুড়ি গুলতোর জখম হওয়ার ঘটনায় অভিযুক্তের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে। তবে কী কারণে হত্যা চেষ্টার মতো এমন ঘটনা ঘটেছে, তা তদন্ত ছাড়া বলা যাবে না।

গৌরনদী শাস্ত্য কমপ্লেক্সে দুই শতাধিক

পাশাপাশি হাসপাতাল চত্বরের পরিবেশ পরিচ্ছন্ন ও রোগীবাঞ্ছন রাখতে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হয়। অভিযানে উপস্থিত ছিলেন গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পৌর প্রশাসক মো. ইব্রাহিম, সহকারী কমিশনার (ভূমি) মো. মেহেদী হাসান, উপজেলা বিএনপির সদস্যসচিব জহির সাজ্জাদ হান্নান শরীফ, পৌর বিএনপির যুগ্ম আহ্বায়ক মো. মিজানুর রহমান আকবর, উপজেলা মহিলা নেত্রী তানিয়া মাহমুদ, বরিশাল উত্তর যুবদলের সদস্য তারিকুল ইসলাম কাফী, যুবদল নেতা মো. হুমায়ুন, উপজেলা ছাত্রদলের সদস্যসচিব মো. আলামিন মোল্লা, জ্বলাই ছাত্রনেতা মো. গোলাম মোশেদসহ উপজেলা শাস্ত্য কমপ্লেক্সের কর্মকর্তা-কর্মচারীরা। আয়োজকেরা জানান, হাসপাতাল চত্বরকে পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত রাখার পাশাপাশি রোগী ও তাঁদের স্বজনদের মধ্যে পরিস্কার-পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা বাড়ানোই এ উদ্যোগের মূল উদ্দেশ্য। হাসপাতালের পরিবেশ সুন্দর ও স্বাস্থ্যসম্মত রাখতে নিয়মিতভাবে এ ধরনের পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখার ওপরও গুরুত্বারোপ করা হয়। অভিযানে অংশ নেওয়া খেছােসেবীরা হাসপাতাল চত্বরের বিভিন্ন অংশ পরিষ্কার করেন এবং যেখানে-সেখানে ময়লা-আবর্জনা না ফেলার জন্য রোগী ও স্বজনদের সচেতন করার ওপর গুরুত্ব দেন।

গাছুয়ায় জেসমিনকে বহাল

উপস্বাস্থ্য কেন্দ্রে থেকে এ অঞ্চলের মানুষের সেবা করে আসছে, তারা আরো বলেন এফ ডব্লিউ ভি জেসমিন বাড় বৃষ্টির মধ্যেও তাদের পাশে থেকেছেন, তাই তারা মানববন্ধনে দাবি তোলেন জেসমিনকে মোট পৈশ্কা উপস্বাস্থ্য কেন্দ্রেই রাখা হয়।

আগৈলঝাড়ায় ট্রাশফরমার

একটি সংঘবদ্ধ চোরচক্র দীর্ঘদিন ধরে এসব ট্রাশফরমার চুরি করে আসছিল। গোপন সংবাদের ভিত্তিতে রাতে অভিযান চালিয়ে দুজনকে আটক করা হয়। পরে তত্য় দেওয়া তথ্য অনুযায়ী ট্রাশফরমারের কিছু মাল্যামাল উদ্ধার করা হয়েছে। আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান বলেন, ‘আটক দুজনকে শনিবার দুপুরে বরিশাল আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।’

চরফ্যাশনে জিপিএ-৫ পাওয়া

সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এমদাদ হোসেন। অনুষ্ঠানে মোশারফ নেতা হেলাল উদ্দিন টিপু, আলমগীর মালতিয়া, কায়হার আহমেদ কমল, চরফ্যাশন প্রেসক্লাবের সভাপতি জুলফিকার মাহমুদ নিয়াজ ও সাধারণ সম্পাদক কামাল গোলাদারসহ স্থানীয় রাজনৈতিক-সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ,

শিক্ষক ও অভিভাবকেরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে কৃতী শিক্ষার্থীদের ফ্রেস্ট, নগদ অর্থ, কলম ও ব্যাগ উপহার দেওয়া হয়। আয়োজকেরা জানান, শিক্ষার্থীদের ভালো ফলাফলে উৎসাহিত করা ও দেশ গঠনে অনুপ্রেরণা জোগাতে প্রতিবন্দ্বেরই এ আয়োজন করা হয়।

আগৈলঝাড়ায় ১০০ পিস

বাসিন্দা। তিনি ‘বরিশাল দক্ষিণের সমাচার’ নামের একটি অনলাইন পোর্টালের সঙ্গে সাংবাদিক হিসেবে যুক্ত বলে জানা গেছে। পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে আগৈলঝাড়া থানার এসআই মাসুদ ও এসআই সেলিম রেজার নেতৃত্বে নতুন হাট এলাকায় অভিযান চালানো হয়। এ সময় রফিকুল ইসলামের কাছ থেকে ১০০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। এ ঘটনায় তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। গতকাল শনিবার বিকেলে গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীকে বরিশাল আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করা হয়েছে।

সাগর গিলছে বরগুনার

সৈকতের অংশ চলে গেছে পানির নিচে। লালদিয়া চরের অবস্থা আরো সংকটাপন্ন। পর্যটনের অন্যতম সম্ভাবনাময় এ এলাকাগুলো রক্ষায় স্থায়ী ব্যবস্থা না হলে ভবিষ্যতে এর অস্তিত্বই হুমকিতে পড়বে। শুধু সৈকত নয়, নদী ও সাগরযেঁষা বেড়িবাঁধ নিয়েও রয়েছে উদ্বেগ। অস্বাভাবিক জোয়ার, ঘূর্ণিঝড় ও নিম্নচাপের সময় দুর্বল বাঁধ দিয়ে পানি ঠেকানো কঠিন হয়ে পড়ে। বাঁধ ভেঙে বা উপচে পানি ঢুকে পড়লে মুহূর্তেই গ্রাভিট হয় বসত বাড়ি ও ফসলের মাঠ। লবণাক্ত পানি ঢুকে কৃষিজমি ও মিঠাপানির উৎসও ক্ষয়িষ্ণু হয়। স্থানীয় পরিবেশ বিশেষজ্ঞদের ধারণা, জলবায়ু পরিবর্তনের প্রভাবে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, ঘন ঘন নিম্নচাপ ও ঘূর্ণিঝড়, অস্বাভাবিক জোয়ার এবং উপকূলীয় ভূমিকম্পের সম্মিলিত প্রভাবেই বরগুনার উপকূলের ঝুঁকি মারাত্মকভাবে বাড়ছে। তাদের মতে, শুধু বাঁধ মেরামত করে এ সেকটর স্থায়ী সমাধান সম্ভব নয়। নদী-সাগরের গতিপথ, ভাঙনের ধরণ ও ঝুঁকিপূর্ণ জনপদ চিহ্নিত করে দীর্ঘমেয়াদি বৈজ্ঞানিক পরিকল্পনা প্রয়োজন। একই সঙ্গে উপকূলীয় বাউন্ড, ম্যানদ্রোভ ও অন্যান্য প্রাকৃতিক প্রতিরোধব্যবস্থা রক্ষায় গুরুত্ব দিতে হবে। বরগুনা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মোঃ আব্দুল হান্নান প্রধান বলেন, ‘বরগুনার বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বেড়িবাঁধ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। আমরা সাধ্যমতো বেড়িবাঁধ সুরক্ষার জন্য চেষ্টা করছি। এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। আশা করছি, খুব শিগগিরই বরগুনার জন্য ভালো কিছু কার্যক্রম শুরু করতে পারব।’ তবে স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, ভাঙন দেখা দিলে জরুরিভিত্তিতে সাময়িক প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া হলেও অনেক ক্ষেত্রে তা দীর্ঘস্থায়ী হচ্ছে না। ফলে এক মৌসমে সেমারমত করা বাঁধ পরের মৌসুমেই আবার ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে। এতে সরলনির অর্থ ব্যয়ের পাশাপাশি মানুষের দুর্ভোগও বাড়ে। পরিবেশবিদের মতে, বরগুনার উপকূল রক্ষায় এখনই দীর্ঘমেয়াদি পরামর্শিত পরিকল্পনা না নিলে ক্ষতির পরিমাণ আরও বাড়বে। প্রয়োজন ঝুঁকিপূর্ণ ঘরঘর পূর্ণাঙ্গ সমীক্ষা, ঠেকসাই প্রতিরক্ষা ব্যবস্থা, নদী-সাগরের ভাঙন পর্যবেক্ষণ, প্রাকৃতিক বানাক্ষল সংরক্ষণ এবং ঝুঁকিপূর্ণ জনপদের জন্য আশ্রয় সুরক্ষা পরিকল্পনা। বরগুনার উপকূলে সাগর এখন আর শুধু ঘরের জলরাশি নয়, তার চেয়েওর আঘাত পৌছে যাচ্ছে মানুষের ঘর, জমি ও জীবিকার দুর্যারে। আজ যে ভাঙন সৈকতের কিনারে, কাল তা বেঁধেঁবেঁধে, আর বাঁধ ভেঙে গেলে সাগরের পানি ঢুকে পড়ে জনপদে। তাই উপকূল রক্ষার উদ্যোগে আর বিলম্বের সুযোগ নেই।

সুগন্ধার ভাঙনে বিলীন বসতভিটা-দোকান

মসজিদ, একাধিক দোকান এবং বাবুগঞ্জ-কেন্দারপুর খোয়াটসকলয় সংযোগ সড়ক। একই সঙ্গে ভেসে যাওয়ার ঝুঁকিতে রয়েছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) পফ্টন। স্থানীয়দের দাবি, ভাঙনের গতি যেভাবে বাড়ছে, তাতে দ্রুত ব্যবস্থা না নিলে বাবুগঞ্জ বাজারের অস্তিত্বও হুমকির মুখে পড়তে পারে। তাই দীর্ঘমেয়াদি প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি জরুরি ভিত্তিতে নদীতীর রক্ষায় তাৎক্ষণিক প্রতিরোধব্যবস্থা নেওয়া প্রয়োজন। কোথাও কোথাও জিওব্যাগ ফেলে সাময়িকভাবে ভাঙন ঠেকানোর চেষ্টা করা হলেও দীর্ঘমেয়াদি প্রতিরোধব্যবস্থা না থাকায় নদী আবারও মানুষের ঘরবাড়ি, দোকানপাট ও সম্পদ গিলে নিচ্ছে। স্থানীয় বাসিন্দা রিয়াজ আদনান বলেন, বাবুগঞ্জ বাজার ও আশপাশের বসতবাড়ি নদীভাঙনের ঝুঁকিতে রয়েছে। অনেক মানুষ ঘরবাড়ি হারিয়ে নিঃশ্ব হয়েছেন। এবারও ভাঙন ভয়াবহ আকার ধারণ করেছে। দ্রুত পানি উন্নয়ন বোর্ডকে বাজার ও বসতবাড়ি রক্ষায় কার্যকর ব্যবস্থা নিতে হবে। বাবুগঞ্জ বাজারের বাসিন্দা সাইফুল ইসলাম বলেন, বাজার এবং তৎসংশ্লয় ঘরবাড়ি ও স্থাপনা রক্ষায় পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. জায়েদ ইকবালকে একাধিকবার আবেদন করে ভাঙনের ভয়াবহতা জানানো হয়েছে। কিন্তু এখন পর্যন্ত কার্যকর প্রতিরোধব্যবস্থা দেখা যায়নি। মানুষের ঘরবাড়ি ও শেষ সখল নদীদেতে চলে যাওয়ার পর ব্যবস্থা নিলে সেই ক্ষতি আর পুঁথিয়ে নেওয়া সম্ভব হবে না বলেও মন্তব্য করেন তিনি। সংশ্লিষ্ট নারী আসনের সংসদ সদস্য বেগম সেলিমা মহম্মান বলেন, নদীভাঙন প্রতিরোধে পানি উন্নয়ন বোর্ডের সঙ্গে আলোচনা করে বাবুগঞ্জ বাজার রক্ষায় দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়ার উদ্যোগ নেওয়া হবে। বরিশাল-১ (বাবুগঞ্জ-মুলাদী) আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট জব্বানুল আবেদীন বলেন, বাবুগঞ্জ বাজার রক্ষায় একটি প্রকল্প পানি উন্নয়ন বোর্ডে জমা দেওয়া আছে। পানি উন্নয়ন বোর্ডের সঙ্গে কথা বলে বাজার রক্ষা প্রকল্পের কাজ বাস্তবায়নের ব্যবস্থা করবেন। নদীভাঙন ও জরুরি প্রতিরোধব্যবস্থা সম্পর্কে বরিশাল পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. জায়েদ ইকবাল দ্রুত ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন।

ভাণ্ডারিয়ায় লাফিয়ে লাফিয়ে

৪০ থেকে ৫০জন এবং সর্বোচ্চ ৭০জন রোগী সেবা নিতে হাসপাতালে আসলে তাদের মধ্যে যারা বেশি আক্রান্ত তাদের প্রাথমিক চিকিৎসা দিয়ে বরিশাল শের ই বাংলা ম্যাডিক্যাল হাসপাতালে প্রেরণের জন্য ছাড়পত্র দেয়া হয়। এদিকে হাসপাতালের নৈমন্দিন পরিসংখ্যানে দেখা যায়,০১/০১/২০২৬- থেকে গতকাল শনিবার ভর্তিকৃত ২২জন রোগীসহ ১৯/০৯/২০২৬-পর্যন্ত সর্বমোট ৪৬৮জন। এর মধ্যে ৪শত ৩১জন রোগী সুস্থ হওয়ায় তাদের ছাড়পত্র দেয়া হয়। বর্তমানে ভর্তি আছে ৩৭জন। এদিকে ভদ্ভ প্রতিরোধে উপজেলা প্রশাসনের উদ্যোগে ‘এডিস মশার লার্ভার প্রজনন স্থান ধ্বংসে’ পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখতে উপজেলা,পৌরসকাসহ উপজেলার বাকি ছয়টি ইউনিয়ন পরিষদ, প্রাথমিক,মাধ্যমিক স্কুল,কলেজ, মাদ্রাসা মসজিদ, মন্দির, এতিমখানা,লিথ্রা বোর্ডিংহ ই উপজেলায় সকল শিক্ষা প্রতিষ্ঠান,উপজেলা হাসপাতালসহ সকল জন গুরুত্বপূর্ণ স্থানে প্রতিদিন চলছে পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান। জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উপজেলা প্রশাসনের উদ্যোগে সরকার,বেসরকারি দপ্তর, সামাজিক, সাংস্কৃতিক,খেছােসেবী সংগঠনের সদস্যদের নিয়ে প্রতিদিন সভা,সেমিনার ছাড়াও সরকারি নির্দেশ অনুযায়ীকারীদেরকে জরিমানার আওতায়ও আনা হচ্ছে। জনসচেতনতা অধিকতর ভাবে বাড়াতে আলাচনা সভার পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার প্রচারণা বাড়াতোও স্থানীয় কন্টেন্টক্রিয়ারদেরকেও কাজে লাগানো হচ্ছে। তেঙ্গুর প্রাপ্ত বৃদ্ধির বিস্মে জানানো চাইলে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ ইব্রাহীম মোল্লা জানান,বর্তমানে ডেঙ্গু রোগীর সংখ্যা অত্যন্ত বাড়তে। হাসপাতালের মেঝেতেও পা ফেলার যাবুগা নেই। তেঙ্গুর ৪টি ভেরিয়েট(প্রকার)এর মধ্যে বর্তমানে ডেন টু ই বেশি। ওষধ,পরীক্ষা-নিরীক্ষার কোন সমস্যা না থাকলেও ডাক্তার,নার্স,টেকনোলজিষ্ট, টেকনিকিয়ানের জবরদস্ত সফট রয়েছে। তবে জনবল সংকট থাকলেও যা আছে তাদের অগ্রজ্ঞ আত্মরিক প্রচেষ্টায় ,একটু কষ্ট হলেও স্বাস্থ্যসেবা গ্রহীতাদের আমরা সবাত্মক

ভাবে সেবা প্রদান করে থাকি। এবং হাসপাতালে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযানও অব্যাহত আছে।

একাদশে ভর্তির

নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি শুরু হবে রোববার (২০ সেপ্টেম্বর)। এদিন থেকে শিক্ষার্থীরা মনোনীত হওয়া কলেজে গিয়ে প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন করে ভর্তি নিশ্চিত করতে পারবে। এ ভর্তির প্রক্রিয়া চলবে ২২ সেপ্টেম্বর পর্যন্ত। গত ১৬ সেপ্টেম্বর একাদশে ভর্তির ফল প্রকাশ করা হয়। প্রকাশিত ফলাফলে দেখা যায়, এবার মোট ৯ লাখ ৯৫ হাজার ২৩৪ জন শিক্ষার্থী একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করেন। তাদের মধ্যে প্রথম ধাপে মোট ৯ লাখ ৮০ হাজার ৮১৫ শিক্ষার্থী কলেজে ভর্তির জন্য মনোনয়ন পেয়েছেন। এদিকে, অনলাইনে আবেদন করেও ভর্তি সুযোগ থেকে বঞ্চিত হয়েছে ১৪ হাজার ৪১৫ জন। বঞ্চিতদের মধ্যে জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা ২ হাজার ২০৫ জন। দেশের ১১টি অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি হতে কোনো শিক্ষার্থী পছন্দক্রম বা চয়েজ দেয়নি। আর ৪১৬টি প্রতিষ্ঠান কোনো শিক্ষার্থীকে ভর্তির জন্য মনোনয়ন দেওয়া হয়নি। অর্থাৎ, এ কলেজগুলো ২০২৬-২৭ শিক্ষাবর্ষে ভর্তির জন্য একজন শিক্ষার্থী পছন্দক্রম বা চয়েজ দেয়নি। আর ৪১৬টি প্রতিষ্ঠান কোনো শিক্ষার্থীকে একাদশ শ্রেণির ভর্তি আবেদন শুরু হয়। সেপ্টেম্বর অনলাইনে একাদশ শ্রেণির ভর্তি আবেদন শুরু হয়। ২০২৬-২৭ সেপ্টেম্বর রাত ৮টায়। ভর্তি নির্দেশিকা অনুযায়ী, একজন শিক্ষার্থী সর্বনিম্ন পাঁচটি এবং সর্বোচ্চ ১০টি কলেজ পছন্দ দিতে পেরেছেন।

মমতার আমলে পশ্চিমবঙ্গকে বাংলাদেশে

বন্দ্যোপাধ্যায়ের প্রশাসনের আমলে ব্যাপক অপরাধ ও তৈলাবাজির কারণে রাজ্যের মানুষ ‘শ্বাসরুদ্ধ’ অবস্থায় ছিল। তার দাবি, তৎকালীন শাসকগোষ্ঠী পশ্চিমবঙ্গকে ‘বাংলাদেশে’ পরিণত করতে চেয়েছিল। ভারতীয় সংবাদমাধ্যম টাইমস অব ইন্ডিয়ার ব্বরেণ বলা হয়েছে, পশ্চিমবঙ্গের রাজনৈতিক পরিস্থিতি নিয়ে পাটনায় কথা বলার সময় গিরিরাজ সিং বলেন-রাজ্যের মানুষ এখন ভয় থেকে মুক্তি চাইছেন। তিনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে বিকল্প হিসেবে তুলে ধরেন। গিরিরাজ সিং বলেন, ‘কী বলার আছে? কোনো দল নির্বাচনে লড়ুক বা স্বতন্ত্র গ্রাথী লড়ুক, সেখানকার মানুষ ভোট দেবেন। সেখানকার মানুষ এখন খোলা বাতাসে শ্বাস নিচ্ছেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের শাসনে মানুষের শ্বাস বন্ধ হয়ে গিয়েছিল। চারদিকে অপরাধ আর কাটমানি (চাঁদাবাজি) ছিল। মানুষ ভীত ও আতঙ্কিত ছিলেন। তারা পশ্চিমবঙ্গকে বাংলাদেশে পরিণত করতে চেয়েছিল। আজ শুভেন্দু অধিকারীজি এক উন্মুক্ত ‘রায়রাজ্য’ তৈরি করেছেন, যেখানে মানুষ স্বস্তির শ্বাস নিতে পারছেন।’ সম্প্রতি বিজেপির বিরুদ্ধে নির্বাচনে ‘করচুপি’ এবং ‘ভোট চুরি’র অভিযোগ তোলায় লোকসভায় বিরোধী দলনেতা রাহুল গান্ধীকেও আক্রমণ করেন কেন্দ্রীয় মন্ত্রী। কংগ্রেস নেতাকে ‘রোবট’ এবং তাঁর মনকে ‘দূষিত’ বলে মন্তব্য করেন তিনি। গিরিরাজ বলেন, ‘আচ্ছা, আপনারা কি কখনো রাহুল গান্ধীকে ইতিবাচক কিছু বলতে দেখেছেন? কারণ তাঁর মনটাই দূষিত। আর রাহুল গান্ধী যতটা শেখানো হয়, ততটাই পড়েন। অর্থাৎ, আজকের বিজ্ঞানের যুগে একটি রোবট যেমন কাজ করে, তাকে যতটা খাওয়ানো হয়, সে ততটাই কথা বলে। তিনিও একজন রোবট। তিনি ততটাই পদক্ষেপ নেনেন, যতটা তাঁকে শেখানো হয়েছে, এবং ততটাই বলবেন, যতটা তাঁকে বলা হয়েছে।’ কংগ্রেসের নিজস্ব রাজনৈতিক ইতিহাস এবং দলের একাধিক সাংগঠনিক বিভাজনের প্রসঙ্গও তুলে ধরেন বিজেপির এই নেতা। তিনি বলেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল কংগ্রেসসহ বেশ কয়েকটি আঞ্চলিক রাজনৈতিক দলের শিকড় কংগ্রেসে রয়েছে। গিরিরাজ বলেন, ‘তাই তিনি নিজেই জানান না যে, তাঁর মাতামহদের সময় থেকে তাঁর দানির সময় পর্যন্ত তাঁর নিজের দল কয়েক ডজন বার বিভক্ত হয়েছে। আজ তৃণমূল কংগ্রেসও তারেরই সন্তান। কোন কংগ্রেস থেকে এটি এসেছে, তা আলাদা করে বলার প্রয়োজন নেই, তবে এটি কংগ্রেস থেকেই এসেছে। অন্যদের বিরুদ্ধে অভিযোগ তোলার আগে তাঁর নিজের দিকে তাকানো উচিত। তখন কি বিজেপি ছিল? তখন কি জনসংঘ ছিল? কেউ কি সেটিকে ভেঙেছিল?’

ইরান সরকার কি ‘ধ্বংস’ হবে?

মন্তব্য নিয়ে প্রশ্ন করা হয়। জবাবে তিনি বলেন, ‘দেখা যাক কী হয়।’ রানের কাছ থেকে কী ধরনের পদক্ষেপ দেখতে চান—এমন প্রশ্নের জবাবে ট্রাম্প বলেন, তেহরান এখন একটি চুক্তি করতে চাইছে। ট্রাম্প বলেন, ‘এই মুহূর্তে তারা একটি চুক্তি করতে চায়।’ তার দাবি, অর্থনৈতিক ও সামরিক দুই দিক থেকেই ইরান ‘সবদিক থেকে হারছে।’ তিনি আরও বলেন, চুক্তিটি সঠিক না হলে তিনি সেটি নিয়ে এগোনোর কথাও ভাববেন না। ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে চলমান যুদ্ধ সন্তো মাস চলছে। সম্প্রতি ট্রাম্প বলেছেন, যুদ্ধ শেষের দিকে রয়েছে বলে তিনি আশা করছেন। একই সঙ্গে ইরানের বিরুদ্ধে আরও বড় ধরনের হামলা চালানো হবে কি না, সে বিষয়ে শিগগিরই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার ইঙ্গিতও দিয়েছেন তিনি।

এএসআইকে ফাঁসানোর চেষ্টার অভিযোগ, দুজনের বিরুদ্ধে মামলা

বালকাঠি প্রতিনির্ধি বালকাঠি সদর থানার এক সহকারী উপপরিদর্শককে (এএসআই) ফাঁসানোর চেষ্টা এবং টাকা নেওয়ার অভিযোগে দুজনের বিরুদ্ধে মামলা হয়েছে। গুজবাবর (১৮ সেপ্টেম্বর) বালকাঠি সদর থানায় মো. আজাদ খান নামে এক ব্যক্তি মামলাটি করেন। মামলায় মো. সোহাগ মোল্লা ওরফে মোল্লা শাওন এবং আব্দুর রহিম মুল্লাকে আসামি করা হয়েছে। তাদের বিরুদ্ধে দণ্ডবিধির ২১১, ৪০৬, ৪২০ ও ৫০৬ ধারায় অভিযোগ আনা হয়েছে। মামলার এজাহার সূত্রে জানা যায়, বাদী আজাদ খান নারায়ণগঞ্জে একটি রমের দোকানে কাজ করেন। তার দাবি, তিনি কিংবা তার পরিবারের কোনো সদস্য বালকাঠি কৃষি ব্যাকেরে কোনো শাখা থেকে ঋণ নেননি। এরপরও তার বাড়িতে ব্যাকের ঋণসংক্রান্ত কয়েকটি নোটিশ আসে। পরে তিনি জানানতে পারেন, ওই ঋণসংক্রান্ত মামলাভা তার বিরুদ্ধে গ্রেপ্তার পরোয়না জারি হয়েছে। এজাহারে আজাদ খান বলেন, গত ১৭ সেপ্টেম্বর তিনি চাচাতো ভাই খায়রুল ইসলামকে সঙ্গে নিয়ে আদালতে গিয়ে মামলার নথি যাচাই করেন। সেখানে মামলায় উল্লেখ করা ঠিকানার সঙ্গে তার প্রকৃত ঠিকানার মিল নেই বলে দেখতে পান। বিষয়টি সোমাধানের জন্য পরিততজনের মাধ্যমে সোহাগ মোল্লার সঙ্গে যোগাযোগ করেন তিনি। পরে বালকাঠি জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে সোহাগের সঙ্গে তার দেখা হয়। এ সময় যাচায়ত খরচ বাবদ তার কাছ থেকে ১ হাজার টাকা নেওয়া হয় বলে এজাহারে অভিযোগ করা হয়েছে। পরে আজাদের বাড়িতে গিয়ে বিষয়টি নিয়ে ভিডিও ধারণ করা হয়। এরপর তার কাছে আরও ২১ হাজার টাকা দাবি করা হয় বলে অভিযোগ করেন তিনি। এজাহারে বাদী আরও অভিযোগ করেন,



মুলাদীর গাছায় ইউনিয়নের পৈশ্কা উপস্বাস্থ্যকেন্দ্রের FWW জেসমিনকে বহাল রাখার দাবীতে মানববন্ধন-কীর্তনখোলা

তখন তিনি ২ হাজার টাকা দেন এবং বাকি টাকা পরে দেওয়ার কথা জানান। পরে তাকে খালকাঠিতে আসতে বলা হয়। একপর্যায়ে তাকে ও তার চাচাতো ভাইকে আদালতের পাশের একটি পুকুরপাড়ে নিয়ে যাওয়া হয়। সেখানে বাকি টাকা দাবি করার পাশাপাশি এসএসআই মোহিত চন্দ্র হালদারকে ফাঁসানোর বিষয়ে আমলিরা আলাচনা করেন বলে অভিযোগ করেন আজাদ। পরে তার সামনেই ওই পুলিশ কর্মকর্তাকে ফোন করে তাকে গ্রেপ্তারের চেষ্টা, খালে পড়ে আহত হওয়া এবং ঘুম নেওয়ার বিষয়ে অভিযোগ করা হয় বলে এজাহারে উল্লেখ করা হয়েছে। বাদীর দাবি, এরপর তিনি একটি এটিএম বুথ থেকে ২৫ হাজার টাকা উত্তোলন করেন। পরে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে আসামিদের একজনকে ১৯ হাজার টাকা দেন। তাকে হাসপাতালে গিয়ে চিকিৎসা নেওয়া এবং নির্দিষ্ট বক্তব্য দেওয়ার জন্য বলা হয় বলেও এজাহারে অভিযোগ করা হয়েছে। পরে তার বক্তব্য ভিডিও করে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশের কথা বলা হয়। বাদীর অভিযোগ, এসএসআই মোহিত চন্দ্র হালদারকে ফাঁসানোর উদ্দেশ্যেই এসব কর্মকাণ্ড করা হচ্ছিল। এজাহারে সোহাগ মোল্লা নিজেকে সাংবাদিক হিসেবে পরিচয় দেন বলেও উল্লেখ করা হয়েছে। তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে একটি ফেসবুক পেজ পরিচালনা করেন বলে জানা গেছে। তবে কোনো সংবাদপত্র বা প্রতিষ্ঠিত গণমাধ্যমে তার কর্মরত থাকার তথ্য এজাহারে উল্লেখ নেই। অভিযোগের বিষয়ে জানতে সোহাগ মোল্লা ও আব্দুর রহিম মুল্লার সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তাদের বক্তব্য পাওয়া যায়নি। বালকাঠি সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান বলেন, ‘বাদীর অভিযোগের ভিত্তিতে মামলা করা হয়েছে। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে। তদন্তে অভিযোগের সত্যতা যাচাই করা হবে।

বিএনপি নেতার সদস্য পদ নিয়ে সুপারিশকারীদের জবাবদিহি চান ছাত্রদল সভাপতি

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফলে বিএনপি নেতা ফরিদ গাজীকে দলের সদস্য পদ দেওয়ার ক্ষেত্রে যারা সুপারিশ করেছেন, তাদের জবাবদিহিতার আওতায় আনার দাবি জানিয়েছেন উপজেলা ছাত্রদলের সভাপতি আব্দুল্লাহ আল ফাহাদ। গুজবাবর (১৮ সেপ্টেম্বর) বিকেলে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এ দাবি জানান। স্ট্যাটাসে আব্দুল্লাহ আল ফাহাদ লেখেন, ‘ফরিদ গাজীর কোনো দোষ নেই, দোষ তাদের, যারা তাদের বিএনপির সদস্য পদ দিতে জোর সুপারিশ করেছিলেন। ওই নেতাদের জবাবদিহিতার আওতায় আনার জন্য জোর দাবি জানাই।’ তার এই বক্তব্য সামাজিক যোগাযোগমাধ্যমে আলাচনা তৈরি করে। পোস্টটির মন্তব্যের ঘরে অনেকে তার বক্তব্যের সঙ্গে একমত পোষণ করেন। কেউ কেউ মন্তব্য করেন, বিতর্কিত ব্যক্তিকে দলে অন্তর্ভুক্ত থাকা কাউকে বিএনপির মতো রাজনৈতিক দলের সদস্য করার ক্ষেত্রে যারা ভূমিকা রেখেছেন, তাদের বিষয়টিও খতিয়ে দেখা প্রয়োজন। এ ছাড়া কয়েকজন মন্তব্যকারী ফরিদ গাজীর বিরুদ্ধে অতীতে আওয়ামী লীগের সঙ্গে সম্পৃক্ততা, এলাকার প্রভাব বিস্তার ও বিভিন্ন অনিয়মে জড়িত থাকার অভিযোগ তোলেন। এসব অভিযোগের স্বাধীন সত্যতা তাত্ক্ষণিকভাবে যাচাই করা সম্ভব হয়নি। আব্দুল্লাহ আল ফাহাদ বলেন, ‘ফরিদ গাজী কী করেছেন, সেটি এখন তদন্ত ও সাংগঠনিকভাবে দেখার বিষয়। কিন্তু তাকে বিএনপির সদস্য পদ দেওয়ার প্রক্রিয়ায় যারা সুপারিশ করেছেন, তাদের ভূমিকা নিয়েও জবাবদিহি হওয়া প্রয়োজন। একজন ব্যক্তিকে দলে অন্তর্ভুক্ত করার আগে তার রাজনৈতিক ও সামাজিক ভূমিকা যাচাই করা হয়েছিল কি না, সেটিও পরিষ্কার হওয়া দরকার।’ ফরিদ গাজী কীভাবে বাউফল উপজেলা বিএনপির সদস্য হলেন, সে বিষয়ে বক্তব্য দিয়েছেন উপজেলা বিএনপির সদস্যসচিব আলপ মহমুদ ফিরেজ। তিনি জানান, ২০২১ সালে ৩৬ সদস্যের বাউফল উপজেলা বিএনপির আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়। পরে পটুয়াখালী জেলা বিএনপির কাউন্সিলের আসে ওই কমিটিতে আরও ২০ জনকে অন্তর্ভুক্ত করা হয়। মূল আহ্বায়ক কমিটির তালিকায় ফরিদ গাজীর নাম ছিল না। পরবর্তী সময়ে অন্তর্ভুক্ত সদস্যদের তালিকায় তার নাম আসে। এদিকে গোবিন্দ মল্ল নামে এক ব্যবসায়ীকে জীবিত পুড়িয়ে মারার হুমকির অভিযোগ ওঠার পর ফরিদ গাজীর বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন বিএনপি নেতারা। তাকে দল থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। এরই মধ্যে তাকে একটি মামলায় গ্রেফতার দেখানো হয়েছে। জানা গেছে, বাউফল সদর ইউনিয়নের বিলবিলাস বাজার এলাকার বাসিন্দা গোবিন্দ মল্ল ঢাকায় ভূমি ব্যবসার সঙ্গে যুক্ত। গোবিন্দ মল্লের দাবি, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে ফরিদ গাজীর পর প্রচারণার পোস্টার-কেস্টন লাগানোকে কেন্দ্র করে গাজী তার কাছে ৫০ লাখ টাকা চাঁদা দাবি করেন। টাকা দিতে রাজি না হওয়ায় মোবাইল ফোনে তাকে জীবিত পুড়িয়ে মারার হুমকি দেওয়া হয়। তবে ১৭ সেপ্টেম্বর বাউফল থানায় করা সাধারণ ডায়েরিতে (জিডি) ৫০ লাখ টাকা চাঁদা দাবির বিষয়টি উল্লেখ করা হয়নি। জিডিতে পোস্টার-কেস্টন লাগানোকে কেন্দ্র করে গুজবীতি ও হুমকি দেওয়ার অভিযোগ করা হয়েছে। গোবিন্দ মল্লের দাবি, ফরিদ গাজীর সঙ্গে মোবাইল ফোনে কথোপকথনের একটি অডিও রেকর্ড তার কাছে রয়েছে। প্রায় ১ মিনিট ৫৭ সেকেন্ডের ওই অডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। বিভিন্ন গণমাধ্যমেও অডিওটি নিয়ে প্রতিবেদন প্রকাশিত হয়েছে। অডিওতে ফরিদ গাজীকে নিজের পরিচয় দেওয়ার পর গোবিন্দ মল্লকে উদ্দেশ করে জীবিত পুড়িয়ে মারার হুমকি দিতে শোনা যায় বলে অভিযোগ করা হয়েছে। কথোপকথনের একপর্যায়ে তাকে বলতে শোনা যায়, ‘নমো (হিন্দু) মারা যাওয়ার পর পোড়ানো হয়। আর আমি একটা নমাকে (হিন্দু) জীবিত পোড়াই মারেন...। আর সেটা হলেন আপনি।’ অডিওতে আরও বিভিন্ন ধরনের হুমকি দেওয়ার কথা শোনা যায় বলে দাবি করা হয়েছে। তবে অডিওটির স্বাধীনভাবে সত্যতা যাচাই করা সম্ভব হয়নি। বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, ফরিদ গাজীকে অন্য একটি মামলায় গ্রেফতার দেখিয়ে আদালতে পাঠানো হয়েছে।

আগৈলঝাড়ায় ট্রাশফরমার চুরি ও মাদক

ছেলে বর্ষণ বড়াল (২১), গৌরঙ্গ জয়ধরের ছেলে রতন জয়ধর (২৯), রামানন্দের আঁক এলাকার বিশ্বনাথ হালদারের ছেলে বাবু হালদার (৩২), একই এলাকার সুদীপ গাইনের ছেলে সঞ্জিত গাইন (৩৫), যোগেশ বালার ছেলে জীবন বালা (৩৫), কৃষ্ণ হালদারের ছেলে বিধান হালদার (৩২) এবং পশ্চিম বাগধা এলাকার রশিদ মোল্লার ছেলে রোমান মোল্লা (২৪)। এ ছাড়া শনিবার বিকেলে গৈলা ইউনি

ইরান সরকার কি ‘ধ্বংস’ হবে? ট্রাম্প বললেন, ‘দেখা যাক কী হয়’

কীর্তনখোলা ডেস্ক

ইরান যুক্তরাষ্ট্রের সঙ্গে একটি চুক্তিতে পৌছাতে চায় বলে দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শুক্রবার নিউজনাশনে দেওয়া এক বিশেষ সাক্ষাৎকারে ট্রাম্পকে ইরানের সরকারকে ‘ধ্বংস করে দেওয়ার’ বিষয়ে তার সাম্প্রতিক ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা

দৈনিক

আত্মতত্ত্ব প্রতিদিন

বরিশাল ৯ রবিবার ৯ ২০ সেপ্টেম্বর ২০২৬ ৯ ০৭ আশ্বিন ১৪৩৩

মমতার আমলে পশ্চিমবঙ্গকে বাংলাদেশে পরিণত করার চেষ্টা হয়েছিল: ভারতের কেন্দ্রীয় মন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

আগামী ৬ অক্টোবরের বিধানসভা উপনির্বাচন। তার আগেই পশ্চিমবঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের বিরুদ্ধে তীব্র অভিযোগ করেছেন বিজেপির কেন্দ্রীয় সরকারের মন্ত্রী গিরিরাজ সিং। শনিবার তিনি অভিযোগ করেন, মমতা ৩ এর পাতায় দেখুন



১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ ২০২৬ ফাইনালে পুরস্কার বিতরণ করেন মেট্রোপলিটন পুলিশ কমিশনার আবু রায়হান মুহাম্মদ সাহেব

সাগর গিলছে বরগুনার উপকূল, ঝুঁকিতে জনপদ

বরগুনা প্রতিনিধি

বঙ্গোপসাগরের উত্তাল ঢেউ আর নদীর প্রবল প্রোভে ধীরে ধীরে বরগুনা উপকূলের উপকূলের চিত্র। কোথাও বিলীন হচ্ছে সৈকত, কোথাও বাউবনের গাছ উপড়ে পড়ছে, আবার কোথাও বেড়িবাধের মাটি সরে গিয়ে সরাসরি হুমকির মুখে পড়ছে

জনপদ। বছরের পর বছর ধরে চলা ভাঙনে বসতিভিটা, ফসলি জমি, সড়ক ও জীবিকার অবলম্বন হারাচ্ছেন উপকূলের মানুষ। জেলার সদর, তালতলী, পাথরঘাটা ও আমতলী উপজেলার বিস্তীর্ণ উপকূলীয় এলাকা সবচেয়ে বেশি ঝুঁকির মধ্যে রয়েছে। বিষখালী নদীর

আগেলঝাড়ায় ১০০ পিস ইয়াবাসহ বিক্রোতা গ্রেফতার

আগেলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগেলঝাড়ায় ১০০ পিস ইয়াবাসহ রফিকুল ইসলাম নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। আগেলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মোহাম্মদ মাসুদ খান জানান, গতকাল শনিবার আগেলঝাড়ায় উপজেলার গৈলা ইউনিয়নের দাস পট্ট জনতার নতুন হাট এলাকায় অভিযান চালিয়ে মাদক কারবারিকে গ্রেফতার করা হয়। গ্রেফতার রফিকুল ইসলাম বরিশাল নগরীর কাশীপুর এলাকার ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে জিপিএ-৫ পাওয়া ৬৩ শিক্ষার্থীকে সংবর্ধনা

চরফ্যাশন প্রতিনিধি

জেলার চরফ্যাশনে এসএসসি ও সমমানের পরীক্ষায় জিপিএ-৫ অর্জনকারী ৬৩ জন কৃতি শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়েছে। শনিবার (১৯ সেপ্টেম্বর) সকালে চরফ্যাশন বঙ্গ গোপাল টাউন হলে চরফ্যাশন উপজেলা সমিতি, ঢাকা-এর উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমিতির সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর প্রশংকী ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে পরিদর্শন শেষে ফেরার পথে ব্রিজ ভেঙে খালে, বেঁচে গেলেন জেলা প্রশাসক

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরে সরকারি খাল দখলমুক্ত ও পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিদর্শন শেষে ফেরার পথে একটি পুরোনো ব্রিজ ভেঙে খালে পড়ে চারজন আহত হয়েছেন। এ সময় ঘটনাস্থলে থাকা জেলা প্রশাসক আবু সাঈদ ও পৌর প্রশাসক মাহমুদুর রহমান মামুন এবং উপজেলা নির্বাহী অফিসার মো. ইফতেখারুল ইসলাম শাহীম অল্পের জন্য দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেয়েছেন। শনিবার (১৯ সেপ্টেম্বর) সকালে পৌরসভার পিটিআই সংলগ্ন বৌদ্ধপাড়া খালের ওপর এ দুর্ঘটনা ঘটে। আহতরা হলেন, পিরোজপুর পৌরসভার সার্জেন্ট ২ এর পাতায় দেখুন

পূর্ণহাট ই-বিশ্ববিদ্যালয়

ইসলাম ও প্রাচীন শিক্ষার অপর সমন্বয়

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক চে-কোয়ার

দাখিল A+ প্রাপ্তদের জন্য

আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।

যোগাযোগ: ০১৭১২-৯৫৪২২২, ০১৭১১৮৭১৪৮, ০১৭১১-৯০২২৫৭, ০১৭১৪৫৪১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি **নিউ লাইফ**

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

একাদশে ভর্তির চূড়ান্ত ফল প্রকাশ, ভর্তি শুরু আজ

কীর্তনখোলা ডেস্ক

২০২৬-২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিতে চূড়ান্ত ফল প্রকাশ করা হয়েছে। গতকাল শনিবার (১৯ সেপ্টেম্বর) রাত পৌনে ৮টায় এ ফল প্রকাশ করা হয়। এ ফলাফলে একজন শিক্ষার্থী চূড়ান্তভাবে কোন কলেজে ভর্তির জন্য মনোনীত বা নির্বাচিত হয়েছেন, তা জানা যাবে। এদিকে, শিক্ষার্থীরা একাদশে ভর্তির কেন্দ্রীয় ওয়েবসাইটে (https://xiclassadmission.gov.bd/) প্রবেশ করে প্রকাশিত ফলাফল দেখতে পারবেন। পাশাপাশি তাদের নির্বাচিত মোবাইল ফোন নম্বরে ফল এসএমএস করে পাঠানো হবে। চূড়ান্ত ফল প্রকাশের পর শিক্ষার্থীদের এখন সশরীরে কলেজে গিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে। বাংলাদেশ আন্তর্জাতিক বোর্ড সমন্বয় কমিটি সূত্র জানায়, শনিবার রাতের ফলাফলে ৩ এর পাতায় দেখুন

সুগন্ধার ভাঙনে বিলীন বসতিভিটা-দোকান হুমকিতে বাবুগঞ্জ বাজার

বাবুগঞ্জ প্রতিনিধি

সুগন্ধা নদীর ভাঙনে রাতের আধারে বরিশালের বাবুগঞ্জ বাজারসংলগ্ন প্রায় ২০০ গজ এলাকা নদীগর্ভে বিলীন হয়ে গেছে। ভাঙনের কবলে পড়ছে মসজিদ, খেয়াঘাটের গণশেঁটোগার, দুটি বসতিভিটা, দুটি দোকানসহ গাছপালা। একই এলাকায় আরও কয়েকটি স্থানীয় নদীগর্ভে গেছে। বর্তমানে ভাঙনের মুখে রয়েছে নবনির্মিত চলে যাওয়ার আশঙ্কায় রয়েছেন স্থানীয় বাসিন্দা ও খেয়াঘাট জামে ৩ এর পাতায় দেখুন



গৌরনদী স্বাস্থ্য কমপ্লেক্সে দুই শতাধিক কর্মী-স্বেচ্ছাসেবীর পরিচ্ছন্নতা অভিযান

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে উপজেলা প্রশাসন ও স্বেচ্ছাসেবীদের যৌথ উদ্যোগে বিশেষ পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। হাসপাতাল চত্বর ও আশপাশের এলাকা পরিচ্ছন্ন রাখতে এ অভিযানে উপজেলা প্রশাসনের কর্মকর্তা, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতাকর্মীসহ দুই শতাধিক কর্মী ও স্বেচ্ছাসেবী অংশ নেন। ১৯ সেপ্টেম্বর (শনিবার) সকাল ১০টায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চত্বরে এ পরিচ্ছন্নতা অভিযান শুরু হয়। এ সময় অশ্রমব্রহ্মকারীরা হাসপাতালের বিভিন্ন স্থানে ছড়িয়ে-ছিটিয়ে থাকা ময়লা-আবর্জনা পরিষ্কার করেন। ৩ এর পাতায় দেখুন



বাউফলে পূজা উদযাপন পরিষদের শারদীয় শুভেচ্ছা ও বর্ধিত সভা

বাউফল প্রতিনিধি

“ধর্ম যার যার, রাষ্ট্র সবার” এই প্রতিপাদ্যকে সামনে রেখে পটুয়াখালী বাউফলে বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ, বাউফল উপজেলা শাখার উদ্যোগে শারদীয় শুভেচ্ছা বিনিময় ও বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বার বাউফল সার্বজনীন কেন্দ্রীয় কালীবাড়ী মন্দির প্রাঙ্গণে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ বাউফল উপজেলা শাখার সভাপতি সঞ্জিত সাহা। অনুষ্ঠান সম্বলন করেন শংকর কুমার বণিক। ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডটট. এইচ.ও (অস্ট্রেলিয়া)

অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)

শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টারো: মেডিনো মেডিকেল সার্ভিসেস লিঃ

রেসিডেন্ট চীন রোগ (পিজিএফ), বরিশাল।

রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা

সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪০৮, ০১৭১১-২৪০৮৬৬

০১৭১৪-০৬৫৮৮৬, ০১৭০৬-০৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

ঘুমন্ত স্ত্রী-শ্বশুর-শাওড়িকে কোপানোর অভিযোগ যুবক আটক

বাকেরগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাকেরগঞ্জে নেশাগ্রস্ত অবস্থায় ঘুমন্ত স্ত্রী, শ্বশুর ও শাওড়িকে বাট দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে এক যুবকের বিরুদ্ধে। অভিযুক্ত যুবককে আটক করেছে পুলিশ। আহতরা হলেন স্ত্রী রুমানা আক্তার (২১), শ্বশুর মাহবুব আলম মিলি হাওলাদার (৫৮) ও শাওড়ি মাহমুদা বেগম (৫৫)। আহতদের মুমুর অবস্থায় বরিশাল শেরে বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। শনিবার (১৯ সেপ্টেম্বর) ভোর ৫টার দিকে উপজেলার দাড়িয়াল ইউনিয়নের উত্তমপুর গ্রামে এ ঘটনা ঘটে। আটক যুবক ইমরান হোসেন উজ্জ্বল একটি গুপ্ত কৌশলান্বিত চাকরি করেন। হাসপাতাল সূত্রে জানা যায়, পারিবারিক বিরোধকে কেন্দ্র করে নেশাগ্রস্ত অবস্থায় ইমরান হোসেন উজ্জ্বল ভোরে তার স্ত্রী রুমানা আক্তারকে ঘুমন্ত অবস্থায় ধারালো বাট দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করেন। এ সময় আহত রুমানার ডাকচিকারের তার বাবা মাহবুব আলম মিলি হাওলাদার ও মা মাহমুদা বেগম বাচাতে গেলে তাদেরও এলোপাতাড়ি কুপিয়ে জখম ৩ এর পাতায় দেখুন



ভাণ্ডারিয়ায় মাদক মামলায় যুবকের এক বছরের কারাদণ্ড

ভাণ্ডারিয়া প্রতিনিধি

ভাণ্ডারিয়ায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর মামলায় মো.ফেরদৌস খান (১৯) নামের এক যুবককে এক বছর বিনামূল্যে কারাদণ্ড ও ২০০ টাকা জরিমানা করেছেন ডায়ামাগ আদালত। দণ্ডপ্রাপ্ত ফেরদৌস খান উপজেলার ২নম্বর নদমুলা শিয়ালকাঠী ইউনিয়নের ৪নম্বর ওয়ার্ডের আলম খানের ছেলে। স্থানীয় ও আদালত সূত্রে জানা গেছে, থানা পুলিশ গতকাল শনিবার বেলা আনুমানিক পৌঁছে বারোটার দিকে এই ইউনিয়নের সর্দার বাড়ি এলাকা থেকে ফেরদৌস খানকে আটক করে ডায়ামাগ আদালতে হাজির করা হয়। পরে ডায়ামাগ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী অফিসার মো. হাসিবুল হাসান ৩ এর পাতায় দেখুন



ভাণ্ডারিয়ায় লাফিয়ে লাফিয়ে বাড়ছে ডেঙ্গুর প্রকোপ

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়া ডেঙ্গুর প্রকোপ লাফিয়ে লাফিয়ে বৃদ্ধি পেয়েছে। রোগীর চাপে উপজেলা হাসপাতালে পা ফেলার যায়গা নেই। ডেঙ্গুর রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় হাট-বাজারে ডাব নারিকেলের তুলনা মূলক ভাবে কম এবং দাম ও বাড়তি। একটি ডাব নারিকেল কিনতে লাগে ১৫০টাকা থেকে ১৬০টাকা। মালটের দাম বৃদ্ধি পেয়ে ৩৮০টাকা থেকে ৩৯০টাকা। তবে স্থানীয় প্রজাতির মালটা ৫০থেকে ৬০টাকা কেজি। সরেজমিনে শুক্রবার রাত উপজেলা হাসপাতালে গিয়ে এমন চিত্র দেখা গেছে। এসময় হাসপাতালের ডেঙ্গু ওয়ার্ডের বাইরে মেঝেতেও রোগীর প্রচণ্ড ভিড় ছিল লক্ষ্যণীয়। এসময় হাসপাতালের আবাসিক মেডিক্যাল অফিসার ডাঃ কামাল হোসেন জানান, গত কয়েক দিনে প্রতি দিন গড়ে ৩ এর পাতায় দেখুন



রাজাপুরে ৭ দফা দাবিতে দলিল লেখকদের বিক্ষোভ

রাজাপুর প্রতিনিধি

কালিকাঠির রাজাপুরে ৭ দফা দাবি আদায়ের লক্ষ্যে বিক্ষোভ ও মানববন্ধন করেছেন দলিল লেখকরা। কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে শনিবার সকাল ১০টায় উপজেলা সাব-রেজিস্ট্রি অফিস চত্বরে এ কর্মসূচি পালন করা হয়। প্রায় এক ঘণ্টার মানববন্ধনে উপজেলার সব দলিল লেখক অংশ নেন। এ সময় বক্তব্য দেন উপজেলা দলিল লেখক সমিতির সভাপতি আলহাজ মো. জাকির হোসেন মিলু, সাধারণ সম্পাদক মো. আবুল কালাম আজাদ মিলন ও উপদেষ্টা মো. আলকাজ হোসেন। বক্তারা বলেন, দলিল লেখকদের অটোমেশন পদ্ধতিতে নেওয়া যাবে না। কোনোভাবেই তাদের পেশাচ্যুত করা যাবে না এবং দলিল লেখকদের বিরুদ্ধে ক্ষোভের মামলা করা থেকেও বিরত থাকতে হবে। তারা দ্রুত ৭ দফা দাবি বাস্তবায়নের আহ্বান জানান। দাবি বাস্তবায়ন না হলে আগামীতে আরও কঠোর আন্দোলনের কর্মসূচি দেওয়ার ইশিয়ার দেন দলিল লেখক সমিতির নেতারা।

মাদকসহ ছাত্রদল নেতা গ্রেফতার, কমিটি বিলুপ্ত ঘোষণা

জেলা প্রতিনিধি

জেলার দৌলতখান উপজেলার চরপাড়া ইউনিয়ন ছাত্রদলের আহ্বায়ক মো. শাকিল হাওলাদার মাদকসহ গ্রেফতারের পর ওই ইউনিয়ন ছাত্রদলের কমিটি বিলুপ্ত ঘোষণা করেছে উপজেলা ছাত্রদল। শুক্রবার (১৮ সেপ্টেম্বর) রাত্রে ছাত্রদলের দৌলতখান উপজেলা শাখার আহ্বায়ক মো. সনজিব মুখা ও সদস্যসচিব মো. সোহান হাওলাদার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল দৌলতখান উপজেলা শাখার সিদ্ধান্ত অনুযায়ী ৩ নম্বর চরপাড়া ইউনিয়ন ছাত্রদলের কমিটি মেয়াদ শেষ হওয়ায় তা বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। শিপারিওই ওই ইউনিটের নতুন কমিটি ঘোষণা করা হবে। বিষয়টি ৩ এর পাতায় দেখুন

বিশিষ্টাঙ্কিত রাহমনির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগেলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com